# ইন্সট্যান্ট ট্রেডিং লিমিটেড। পাবলিক অফার অ্যাগ্রিমেন্ট

## সাধারণ শর্তাবলী।

**ইন্সট্যান্ট ট্রেডিং লিমিটেড** (এরপর থেকে কোম্পানি হিসাবে উল্লিখিত) এবং কোন ব্যক্তি বা সত্ত্বা যে বর্তমান চুক্তিতে স্বাক্ষর করেছে ও নিবন্ধন ফর্ম পূরণ করেছে (এরপর থেকে গ্রাহক হিসাবে উল্লিখিত), উভয়েই এই চুক্তির পক্ষসমূহ এবং তাদের মধ্যে এই চুক্তি কার্যকর হবে (এরপর থেকে চুক্তি হিসাবে উল্লিখিত)। গ্রাহককে অর্থ বাজারে কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে কোম্পানি এই চুক্তির শর্তসমূহ অনুযায়ী সেবা প্রদান করবে।

গ্রাহককে অর্থ বাজারে কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে কোম্পানি এই চুক্তির শর্তসমূহ অনুযায়ী সেবা প্রদান করবে।

**1. সংজ্ঞাসমূহ।**

**1.1.** "অ্যাকাউন্টের ইতিহাস" – কোনো লাইভ অ্যাকাউন্টে সংঘটিত সকল সম্পাদিত লেনদেন এবং লেনদেন বহির্ভূত কার্যক্রমের সম্পূর্ণ তালিকা।

**1.2.** "সক্রিয় অ্যাকাউন্ট" হল গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্ট যেখানে এক হিসাব সময়কালে সম্পাদিত মার্কেট লটের পরিমাণ মার্কিন ডলার হিসাবে গড় ইকুইটির ০.২% এর বেশি হয়। একটি ১০০০ মার্কিন ডলারের অ্যাকাউন্টের জন্য লটের পরিমাণ হল ২ মার্কেট লট বা ২০ ইন্সটাফরেক্স লট। বিপরীত ট্রেড সম্পাদনের ক্ষেত্রে শুধুমাত্র সম্পাদিত লটের অর্ধেক পরিমাণ গণনা করা হয়।

**1.3.** "অ্যাডভাইজার"- মেটাকোটস ল্যাংগুয়েজ ৪ এ তৈরি করা একটি ট্রেডিং অ্যাকাউন্ট ব্যবস্থাপনার অলগারিদম। এই প্রকল্প গ্রাহক টার্মিনাল ব্যবহার করে সার্ভারে অনুরোধ বা নির্দেশনা প্রদান করে।

**1.4.** "অ্যারবিট্রেজ"- একপ্রকার ট্রেডিং কৌশল যা "অ্যারবিট্রেজ ট্রানজেকশন" ব্যবহার করে।

**1.5.** "অ্যারবিট্রেজ লেনদেন"- এক ধরণের কার্যক্রম, যখন কোন এক প্রকার সম্পদ একটি মার্কেটে ক্রয় করা হয় এবং একই সময় সমপর্যায়ের সম্পদ বিক্রয় করা হয় অন্য এক মার্কেটে। এই মূল্য ব্যবধান বিভিন্ন বাজারে নির্ধারিত হয়। এটা সহজেই পরিলক্ষিত হয় যে পোর্টফোলিও এর মান বাজারের গতিবিধি নির্বিশেষে প্রায় অপরিবর্তিত থাকে (যেহেতু, বিপরীত লেনদেনগুলো একে অন্যের ভারসাম্য রক্ষা করে)। যখন কোন মূল্য ব্যবধান কোনো অনুকূল পর্যায়ে পরিবর্তিত হয়, তখন মুনাফার জন্য বিপরীত আরবিট্রেজ ট্রানজেকশন করা হয়। এছাড়াও একই মার্কেটে একটি নির্দিষ্ট সময়সীমায় আরবিট্রেজ ট্রানজেকশন করা হয়, যদি দেখা যায় যে ট্রেড ওপেনিং এবং ক্লোজিং এর মধ্যে বেশ মূল্য ব্যবধান রয়েছে।

**1.6.** "আস্ক"- মুদ্রা জোড়ার সর্বোচ্চ মূল্য যে মূল্যে গ্রাহক মুদ্রা ক্রয় করে।

**1.7.** " ব্যালেন্স"- একটি ট্রেডিং অ্যাকাউন্টে সকল লেনদেন ও লেনদেন বহির্ভূত কর্মকাণ্ড সম্পাদনের পর অবশিষ্ট আর্থিক ফলাফল।

**1.8.** "বেইস কারেন্সি"- একটি মুদ্রা জোড়ায় প্রদর্শিত মূল্যের প্রথম মুদ্রা, যা একজন গ্রাহক মুদ্রা জোড়ার অন্য মুদ্রার বিনিময়ে ক্রয় বা বিক্রয় করতে পারে।

**1.9.** "বিড"- কারেন্সি পেয়ারে বিনিময় হারের সর্বনিম্ন মূল্য। গ্রাহক বিড মূল্যে বিক্রয় করে।

**1.10.** "বোনাস তহবিল"- কোম্পানি কর্তৃক আয়োজিত বোনাস কার্যক্রম এবং প্রতিযোগিতা থেকে গ্রাহক যে তহবিল পেয়ে থাকে।

**1.11.** "ইকুইটি" হল বর্তমান অ্যাকাউন্ট ব্যালেন্স যা গণনা করা হয় এই সূত্রানুসারে: ব্যালেন্স + চলতি মুনাফা - চলতি লোকসান।

**1.12.** "ক্যান্ডেলস্টিক বার" হলো চার্টের একটি উপাদান, যার মধ্যে থাকে ওপেনিং এবং ক্লোজিং প্রাইস, এবং কোনো নির্দিষ্ট সময়ের (১ মিনিট, ৫ মিনিট, এক ঘণ্টা, ২৪ ঘণ্টা এবং এক সপ্তাহ ইত্যাদি) এর সর্বোচ্চ ও সর্বনিম্ন মূল্য।

**1.13.** "গ্রাহক" হল একজন ব্যক্তি বা আইনগত সত্তা, যে ট্রেডিং করার উদ্দেশ্যে মার্জিন ট্রেডিং শর্তাবলী মেনে নেওয়ার মাধ্যমে ডিলার (কোম্পানি) এর সাথে চুক্তিবদ্ধ হয়েছে, এবং যে ইন্সটাফরেক্সের সাথে গ্রাহক টার্মিনাল রেন্টাল চুক্তি করেছে।

**1.14.** "গ্রাহক টার্মিনাল" হলো মেটাট্রেডার 4.xx সফটওয়্যার পণ্য যা গ্রাহককে তাৎক্ষণিক অর্থ বাজারের তথ্য সরবরাহ করে(পরিমাণ কোম্পানি কর্তৃক নির্ধারিত), বাজারের টেকনিক্যাল বিশ্লেষণ সরবরাহ করে, লেনদেন সম্পাদন করে, অর্ডার নির্ধারণ/ পরিবর্তন/ বাতিল করে এবং ডিলার ও কোম্পানি থেকে বার্তা গ্রহণ করে। কোম্পানির ওয়েবসাইট থেকে এখানে বিনামূল্যে প্রবেশ করা যায় - (https://www.ifxtradepro.com/downloads/itc4setup.exe).

**1.15.** "কাস্টমার লগ ফাইল"- গ্রাহক টার্মিনালের তৈরি করা ফাইল, যা গ্রাহকের কাছ থেকে ডিলারের কাছে পাঠানো সকল জিজ্ঞাসা ও অর্ডার ১ সেকেন্ড অ্যাকুরেসি'তে সংরক্ষণ করে।

**1.16.** "ক্লোজড পজিশন" - ক্লোজ করা ট্রানজেকশনের দ্বিতীয় অংশের ফলাফল।

**1.17.** "কমপ্লিটেড পজিশন" হলো একই আকারে দুইটি বিপরীত ট্রেডিং কার্যক্রম (ওপেন এবং ক্লোজ পজিশন): ক্রয়ের পর বিক্রয়, বা বিক্রয়ের পর ক্রয়।

**1.18.** "কনট্রাক্ট ফর ডিফারেন্স" (CFD) - বেসিস অ্যাসেট এর হার পরিবর্তনের উপর ভিত্তি করে ট্রেডিং কার্যক্রম (এক্ষেত্রে অ্যাসেট CFD এর মূল বিষয়), যার মধ্যে রয়েছে স্টক, ফিউচার, কমোডিটি, মূল্যবান ধাতু, স্টক সূচক ইত্যাদি।

**1.19.** "কনট্রাক্ট স্পেসিফিকেশন" - প্রতিটি ইন্সট্রুমেন্ট এর জন্য প্রধান ট্রেডিং কন্ডিশনসমূহ (যেমন- স্প্রেড, লটের আকার, নুনতম ট্রেডের পরিমাণ, ট্রেডের পরিমাণের পরিবর্তন, প্রাথমিক মার্জিন, লক ইত্যাদি)। বর্তমান চুক্তিপত্রটি লেখার দিন উক্ত তথ্যসমূহ এই ঠিকানায় আছে- https://www.ifxtradepro.com /en/specifications.php

**1.20.** "কারেন্সি পেয়ার" হলো ট্রেডিং কার্যক্রমের একটি একক, যার ভিত্তি হলো একটি মুদ্রার মানের বিপরীতে অন্য মুদ্রার মানের পরিবর্তন।

**1.21.** "ডিলার" হলো:

**1.21.1.** একটি কোম্পানি যার সাথে গ্রাহক এই চুক্তিতে সম্মত হয় যে, কোম্পানি মার্জিনাল ট্রেডিং এর শর্তে ট্রেড কার্যক্রম আইনগতভাবে পরিচালনা করবে।

**1.21.2.** এই কোম্পানির একজন কর্মী যে গ্রাহকের কার্যক্রম যেমন অর্ডার সম্পাদন, স্টপ আউট এবং মার্জিন কল ( এই চুক্তিতে লোয়ার-কেইস অক্ষরে লেখা হয়েছে)।

**1.22.** "ডেভেলপার"- মেটাকোটস সফটওয়্যার কর্পোরেশন, ট্রেডিং প্লাটফর্মের নির্মাতা ।

**1.23.** বিবাদমান বিষয়" হলো:

**1.23.1.** কোন পরিস্থিতি যখন গ্রাহক ধারণা করে যে, ডিলার তার কার্যক্রম বা কার্যক্রমহীনতার মাধ্যমে বর্তমান চুক্তিপত্রের এক বা অধিক শর্ত ভঙ্গ করেছে;

**1.23.2.** কোন পরিস্থিতি যখন ডিলার ধারণা করে যে, গ্রাহক তার কার্যক্রম বা কার্যক্রমহীনতার মাধ্যমে বর্তমান চুক্তিপত্রের এক বা অধিক শর্ত ভঙ্গ করেছে।

**1.24.** "অনুসন্ধান"- মুদ্রা মূল্য সম্পর্কে জানতে যখন ডিলারকে কোনো নির্দেশনা পাঠানো হয়। কোন অনুসন্ধান ট্রেড খোলার জন্য গ্রাহককে বাধ্য করে না।

**1.25.** "ফাস্ট মার্কেট" হলো এমন একটি পরিস্থিতি যখন স্বল্প সময়ের মধ্যে হঠাৎ মুদ্রাহার পরিবর্তন হয় এবং কখনো মূল্য পার্থক্যের ঘটনা ঘটে। সাধারণত এটা ঘটে

নিম্নে উল্লেখিত কোন এক বা একাধিক ঘটনার ঠিক আগে বা পরে:

**1.25.1.** জি-৭ (শীর্ষ শিল্প প্রধান দেশ- যুক্তরাষ্ট্র, জার্মানি, জাপান, ফ্রান্স, যুক্তরাজ্য, কানাডা, ইতালি) সদস্যদের অর্থনীতির সূচক নির্দেশিত প্রবন্ধ প্রকাশের পর বাজারকে খুব বেশি মাত্রায় প্রভাবিত করে;

**1.25.2.** কেন্দ্রীয় ব্যাংক এবং তাদের পর্ষদের মাধ্যমে ঘোষিত মূল সুদের হার;

**1.25.3.** কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর, অর্থমন্ত্রী এবং জি-সেভেন ভুক্ত দেশসমূহের রাষ্ট্রপতিদের বক্তব্য ও সংবাদ সম্মেলন;

**1.25.4.** মুদ্রা বাজারে সরকারের হস্তক্ষেপ;

**1.25.5.** জাতীয় গুরুত্বপূর্ণ সন্ত্রাস বিরোধী আইনকানুন;

**1.25.6.** রাষ্ট্রের ক্ষতিগ্রস্ত এলাকাগুলোকে জরুরী অবস্থায় ফেলে দেয় অথবা সংরক্ষিত নীতির আওতাভুক্ত করে এমন প্রাকৃতিক বিপর্যয়;

**1.25.7.** যুদ্ধ বা সামরিক হস্তক্ষেপ;

**1.25.8.** কিছু কিছু মৌলিক বিষয় যেমন বরখাস্ত, নিয়োগ বা সরকারের বিশেষ কোন নতুন বলয় সৃষ্টির মাধ্যমে রাজনৈতিক ক্ষমতা প্রয়োগ;

**1.25.9.** অন্যান্য পরিস্থিতি যেগুলো মুদ্রা হারের গতিবিধিকে প্রভাবিত করে।

**1.26.** "ফ্লোটিং লাভ/ক্ষতি"- চলতি সময়ে চলমান বিনিময় হারে সকল খোলা ট্রেডে অনির্ধারিত লাভ বা লোকসান।

**1.27.** "ফোর্স মাজেওরে পরিস্থিতিতি" – যেসব ঘটনা আগে থেকে অনুমান করা যায় না বা প্রতিরোধ করা সম্ভব নয়। যেমন:

**1.27.1.** প্রাকৃতিক দুর্যোগ;

**1.27.2.** যুদ্ধ;

**1.27.3.** সন্ত্রাসী কর্মকাণ্ড;

**1.27.4.** সরকারি পদক্ষেপ, কর্মকর্তা এবং আইনপ্রনেতাদের ক্ষমতা;

**1.27.5.** সার্ভারে হ্যাকারের আক্রমণ এবং অন্যান্য বেআইনি পদক্ষেপ।

**1.28.** "ফ্রি মার্জিন"- একটি ট্রেডিং অ্যাকাউন্টে যে তহবিল নতুন ট্রেড করার জন্য ব্যবহার করা যাবে। এই সুত্রানুসারে হিসাব করা হয়: ইকুইটি- মার্জিন।

**1.29.** "গ্রাফ" (চার্ট) হলো মূল্য প্রদর্শনের চিত্র বা চার্ট। এটা কোনো বার/ক্যান্ডেলস্টিকের পিক হাই প্রদর্শন করে যা কোনো একটি নির্দিষ্ট সময়ের সর্বোচ্চ বিড; লো এবং মিনিমাম বিড; ক্লোজ প্রাইস বা বার/ক্যান্ডেলস্টিকের সর্বশেষ বিড'; এবং বার/ক্যান্ডেলস্টিকের ওপেন বিড বা প্রথম বিড প্রদর্শন করে।

**1.30.** "হেজড মার্জিন"- ট্রেড শুরু করতে এবং পরিচালনা করতে ডিলারদের কতৃক নিশ্চয়তা প্রদানকারী ক্যাশ ধার্য করা হয়। প্রত্যেক ইন্সট্রুমেন্ট এর জন্য স্পেসিফিকেশনে আলাদাভাবে তা উল্লেখ করা আছে।

**1.31.** "প্রাথমিক মার্জিন"- ট্রেড শুরু করতে ডিলারের যে অর্থের প্রয়োজন হয়। প্রত্যেক ইন্সট্রুমেন্ট এর জন্য স্পেসিফিকেশনে আলাদাভাবে তা উল্লেখ করা আছে।

**1.32.** "ইন্সটাফরেক্স ওয়েবসাইট" হলো ইন্সটাফরেক্স ব্রোকারের অফিসিয়াল ওয়েবসাইট, যা নিম্নোক্ত ওয়েব ঠিকানায় সহজলভ্য: https://www.ifxtradepro.com/

**1.33.** "ইন্সট্রুমেন্ট" - কারেন্সি পেয়ার বা সিএফডি (কনট্রাক্ট ফর ডিফারেন্স)।

**1.34.** "লিভারেজ" - কোনো ট্রেডের জন্য প্রদান করা পরিমাণের সাথে ট্রেডের মোট পরিমাণের আনুপাতিক হার: 1:100, 1:200। 1:200 লিভারেজ এর অর্থ কোনো ট্রেড খোলার জন্য ট্রেডিং অ্যাকাউন্টে ট্রেডের পরিমাণের 200 ভাগের এক ভাগ তহবিল প্রয়োজন।

**1.35.** "লক" - কোনো নির্দিষ্ট অ্যাকাউন্টে একই ইন্সট্রুমেন্টে একই পরিমাণ লং এবং শর্ট পজিশন ওপেন করা।

**1.36.** "লক মার্জিন" হলো লক পজিশন খোলা এবং পরিচালনার জন্য ডিলারের গ্রহণ করা প্রয়োজনীয় তহবিল। প্রত্যেক ইন্সস্ট্রুমেন্টের জন্য তা স্পেসিফিকেশনে উল্লেখ করা আছে।

**1.37.** "লং"- কোন উপাদান ক্রয় এই আশায় যে মূল্য বাড়বে। মুদ্রা জোড়ার ক্ষেত্রে, কোট মুদ্রা ব্যবহার করে বেইস মুদ্রা ক্রয়।

**1.38.** "লট"- শেয়ার, কমোডিটিস, বেইস কারেন্সির পরিমাণ পরিমাপের একটি একক, যা ট্রেডিং প্লাটফর্মে ব্যবহৃত হয়।

**1.39.** "লটের আকার" - সম্পদ, কমোডিটিস, প্রতি লটে বেইস কারেন্সির পরিমাণ, যা স্পেসিফিকেশনে উল্লেখ করা আছে।

**1.40.** "মার্জিন লেভেল" - প্রয়োজনীয় মার্জিনের সাথে ইকুইটির অনুপাত (প্রতি সেন্ট এর ক্ষেত্রে), যা নিম্নোক্ত সূত্র অনুযায়ী হিসাব করা হয়: (ইকুইটি/মার্জিন)*100%।

**1.41.** "মার্জিন কল"- ট্রেডিং অ্যাকাউন্টের একরকম পরিস্থিতি যখন ডিলারের ক্ষমতা আছে পর্যাপ্ত তহবিলের (ফ্রি মার্জিন) অভাবে গ্রাহকের সকল খোলা ট্রেড বন্ধ করে দেয়ার যদিও সে এটা করতে বাধ্য নয়। যেখানে “মার্জিন কল” পরিস্থিতির উদ্ভব হয় সেই মার্জিন মাত্রা বর্তমান চুক্তিতে উল্লেখ করা আছে।

**1.42.** "মার্জিন ট্রেডিং"- লিভারেজ ব্যবহার করে ট্রেডিং করা; একজন গ্রাহক তার ব্যক্তিগত তহবিলের চেয়ে অনেক বেশি পরিমাণের ট্রেড ওপেন করতে পারে।

**1.43.** "মার্কেট ওপেন" - সপ্তাহ শেষে, ছুটি শেষে বা একটি সেশন শেষে ট্রেডিং সেশন শুরু হওয়া।

**1.44.** "প্রয়োজনীয় মার্জিন"- খোলা পজিশন রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় অর্থ; কনট্রাক্ট স্পেসিফিকেশন পেইজে তা উল্লেখ আছে।

**1.45.** "নন-ট্রেডিং কার্যক্রম" - কোন ট্রেডিং অ্যাকাউন্টে অর্থ জমা দেওয়া (বা ট্রেডিং অ্যাকাউন্ট অ্যাকাউন্ট থেকে তহবিল উত্তোলন করা), অথবা ক্রেডিট প্রদান করা (বা ফেরত দেওয়া)।

**1.46.** "নমিনাল মার্কেট কন্ডিশন" - বাজার পরিস্থিতিকে নির্দেশ করে যখন:

> **1.46.1.** ট্রেডিং প্লাটফর্মে মূল্য সরবরাহের ক্ষেত্রে তেমন কোনো বিরতি নেই;
>
> **1.46.2.** দ্রুতগতিতে মূল্যের ওঠানামা নেই;
>
> **1.46.3.** তেমন কোনো প্রাইস গ্যাপ নেই।

**1.47.** "নমিনাল মার্কেট" - "নমিনাল মার্কেট কন্ডিশন" দেখুন।

**1.48.** "আবশ্যিক ভুল"- ডিলারের মাধ্যমে গ্রাহকের পজিশন এমন কোনো মূল্যে খোলা/বন্ধ করা অথবা এমন কোন মূল্যে লেনদেন সম্পাদন করা যা কোটিং ফ্লো থেকে অনেক কম বা বেশি। অথবা ডিলারের কোনো কার্যক্রমের কারণে বা উদাসীনতার কারণে কোনো নির্দিষ্ট সময়ের ডিলার কর্তৃক ভুল বাজার মূল্য নির্ধারণ করা।

**1.49.** "ওপেনিং গ্যাপ" হলো এমন পরিস্থিতি যখন নিম্নের যেকোনো একটি সঠক হয়:

> **1.49.1.** মার্কেট বন্ধের সময়ের আস্ক মূল্যের চেয়ে মার্কেট শুরুর সময়ের বিড মূল্য বেশি;
>
> **1.49.2.** মার্কেট বন্ধের বিড মূল্যের চেয়ে মার্কেট শুরুর সময়ের আস্ক মূল্য কম।

**1.50.** "অর্ডার" - মূল্য কোনো নির্দিষ্ট লেভেলে পৌঁছালে অর্ডার ওপেন/ক্লোজ করা, বা অর্ডার প্রদান, ডিলিট বা পরিবর্তন করার জন্য গ্রাহক কর্তৃক ডিলারের নিকট পাঠানো নির্দেশনা।

**1.51.** "অর্ডার লেভেল" – অর্ডারে নির্দেশিত মূল্য।

**1.52.** "ওপেন পজিশন" হল একটি সম্পন্ন লেনদেনের প্রথম অংশ। কোন পজিশন খোলার সময় গ্রাহক নিচের শর্তগুলো পূরণ করে:

**1.52.1.** একই আকারের লেনদেনের (ক্রয়/বিক্রয়) দ্বিতীয় অংশ সম্পন্ন করে;

**1.52.2.** অন্তত ৩০% প্রয়োজনীয় ইকুইটি রক্ষা করে।

**1.53.** "পেনডিং অর্ডার"- গ্রাহক ডিলারকে অনুরোধ করে নির্দেশিত মাত্রায় মূল্য পৌঁছানো মাত্রই ট্রেড খোলার জন্য।

**1.54.** "পিপস"- যেকোনো বৈদেশিক মুদ্রার মূল্যের ক্ষুদ্রতম একক। এটা “পয়েন্টস” নামেও পরিচিত।

**1.55.** "নন-মার্কেট কোটিং এর পূর্ব মূল্য" হলো মিনিট বারের ক্লোজ প্রাইস, যা নন মার্কেট মিনিট বার কোট এর পূর্বে।

**1.56.** "প্রাইস গ্যাপ" - নিম্নোক্ত যেকোনো একটি পরিস্থিতি:

**1.56.1.** বর্তমান বিড পূর্বের আস্ক থেকে বেশি;

**1.56.2.** পূর্ববর্তী বিড এর চেয়ে বর্তমান আস্ক কম।

**1.57.** "কোট কারেন্সি" হলো মুদ্রা জোড়ার সংকেতের দ্বিতীয় মুদ্রা, যা একজন গ্রাহক বেইস কারেন্সি ক্রয় বা বিক্রয় করার জন্য ব্যবহার করেন।

**1.58.** "কোটস ডেটাবেজ" - মুদ্রারসমূহের সব কোটস সম্পর্কিত তথ্য।

**1.59.** "কোটিং" হলো চলতি সময়ের মুদ্রার মান সবরাহ করা, যার ফলে গ্রাহক ট্রেডিং করতে পারে।

**1.60.** "রেট" –

**1.60.1.** মুদ্রা জোড়ার জন্য: বেইস মুদ্রা এককের মূল্য কোটকৃত মুদ্রার মধ্যমে প্রকাশ করা;

**1.60.2.** সিএফডি'র জন্য: বেইস সম্পদ এককের মূল্য অর্থের মাপকাঠিতে প্রকাশিত।

**1.61.** "প্রকৃত ডিপোজিট" হলো গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্টে একটি নির্দিষ্ট সময়ে গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্টে জমা এবং উত্তোলনের পার্থক্য।

**1.62.** "সার্ভার লগ ফাইল" হলো সার্ভারের তৈরি একটি ফাইল যা, গ্রাহকের কাছ্ থেকে পাওয়া ডিলারের নিকট সব অনুরোধ এবং অর্ডারের রেকর্ড, যার মধ্যে প্রসেসিং রেজাল্টও অন্তর্ভুক্ত থাকে। এর অ্যাকুরেসি ১ সেকেন্ড।

**1.63.** "সার্ভার" হলো মেটাট্রেডার সার্ভার 4.xx এর সফটওয়্যার প্রোডাক্ট যা গ্রাহকদের আদেশ এবং অনুরোধগুলি প্রক্রিয়া করে, রিয়েল-টাইম মোডে আর্থিক বাজারের ট্রেড সম্পর্কে তথ্য সরবরাহ করে (কোম্পানি দ্বারা নির্ধারিত পরিমাণ), শর্ত অনুযায়ী গ্রাহক এবং ডিলারের মধ্যে পারস্পরিক দায়বদ্ধতা বিবেচনা করে গ্রহণ করে।

**1.64.** "শর্ট পজিশন"- মূল্য কমে আসবে এই প্রত্যাশায় বিক্রি করা। কারেন্সি পেয়ার এর ক্ষেত্রে: যখন কোট কারেন্সি ব্যবহার করে বেইস কারেন্সি বিক্রি করা হয়।

**1.65.** "স্পাইক" - নিম্নোক্ত পরিস্থিতির ভিত্তিতে প্রাইস কোট:

**1.65.1.** উল্লেখযোগ্য পরিমাণ প্রাইস গ্যাপ;

**1.65.2.** প্রাইস গ্যাপ তৈরি করে স্বল্প সময়ে প্রাথমিক পর্যায়ে পৌঁছানো;

**1.65.3.** প্রাইস কোট এর পূর্বে মূল্যে দ্রুত ওঠানামা না থাকা;

**1.65.4.** কোন সামষ্টিক অর্থনীতির ঘটনা এবং/অথবা কর্পোরেট সংবাদ কোট প্রদানের সময় লক্ষণীয়ভাবে প্রভাবিত না করা।

**1.65.5.** কোম্পানি সার্ভারের কোটস ডেটাবেইস থেকে নন-মার্কেট কোট (স্পাইক) সম্পর্কিত তথ্য মুছে ফেলতে পারবে।

**1.66.** "স্প্রেড"- বিড এবং আস্ক এর মধ্যে পার্থক্য (পিপ) ।

**1.67.** "তাৎক্ষণিক কোট প্রবাহ"- প্রত্যেক ইন্সট্রুমেন্ট এর জন্য মূল্য প্রবাহ সরবরাহ করা হয় এবং তা ট্রেডিং প্লাটফর্মে দেখা যায়। মূল্য প্রবাহ সরবরাহ করে থাকে ডিলার এবং তাৎক্ষণিক দেখা যায়। উক্ত মূল্য প্রবাহ ব্যবহার করে গ্রাহক ট্রেড করার জন্য ডিলারের কাছে অর্ডার প্রদান করতে পারে।

**1.68.** "স্টপ আউট"- সার্ভারের মাধ্যমে তৈরি কোন পজিশন বন্ধ করার জন্য প্রেরিত ফোর্সড অর্ডার।

**1.69.** "সোয়াপ" – রাতে কোন পজিশন খোলার রাখার জন্য যে পেমেন্ট গ্রহণ করা হয় । এটা পজিটিভ বা নেগেটিভ হতে পারে। ইন্সটাফরেক্সের অফিসিয়াল ওয়েবসাইটে প্রতিটি ইন্সট্রুমেন্ট এর জন্য সোয়াপের মান দেওয়া আছে। এই চুক্তি লেখার সময় তা এই ঠিকানায় পাওয়া আছে https://www.ifxtradepro.com/en/specifications.php.

**1.70.** "ট্রেইলিং স্টপ" হলো স্টপ লস (SL) ব্যবস্থাপনার অ্যালগোরিদম:

**1.70.1.** যদি কোনো ওপেন পজিশন প্রফিট ট্রেইলিং স্টপ লেভেল অতিক্রম না করে, তাহলে এটা নিষ্ক্রিয় থাকে;

**1.70.2.** যখন ওপেন পজিশন প্রফিট ট্রেইলিং স্টপ লেভেল অতিক্রম করে, তখন চলতি মূল্যে ট্রেইলিং স্টপ মানের সমান করে স্টপ লস পরিবর্তনের জন্য সার্ভারে অর্ডার পাঠায়;

**1.70.3.** যখন স্টপ লস অর্ডার এবং কোট এর মধ্যবর্তী দূরত্ব ট্রেইলিং স্টপ অতিক্রম করে, তখন সার্ভার অর্ডার লেভেল পরিবর্তন করে, ফলে অর্ডার এবং বর্তমান মূল্যের মধ্যবর্তী দূরত্ব ট্রেইলিং স্টপ এর সমান হয়।

**1.70.4.** যখন কাস্টমার টার্মিনাল চালু করা হয়, ইন্টারনেট সংযোযুক্ত করা হয় এবং সফলভাবে সার্ভারে অনুমোদিত হয় তখন ট্রেইলিং স্টপ কাজ করে।

**1.71.** "থিন মার্কেট"- কোন মার্কেটের এমন কোন পরিস্থিতি যখন কোন নির্দিষ্ট সময়কালের জন্য ট্রেডিং প্লাটফর্মে স্বাভাবিকের চেয়ে কম পরিমাণ কোট থাকে। সাধারণত এজাতীয় বাজার পরিস্থিতি ঘটে থাকে ক্রিস্টমাসের ছুটিতে, জি৭ ভুক্ত দেশসমূহে ছুটি চলাকালীন সময়, রাত ১১টা - রাত ৩ টা (জিএমটি+২) ইত্যাদি সময়।

**1.72.** "টিকেট" – ট্রেডিং প্লাটফর্মে পেনডিং অর্ডার বা কোনো পজিশনের জন্য অনন্য সনাক্তরাকী নম্বর।

**1.73.** "ট্রেইলিং স্টপ মান" – t"ট্রেইলিং স্টপ" এর মান গ্রাহক নির্ধারণ করে।

**1.74.** "ট্রেডিং প্লাটফর্মের সময়" – যে টাইম জোনে সার্ভার লগ ফাইলে কোনো ইভেন্ট সংরক্ষিত হয়। বর্তমান চুক্তি প্রকাশের সময় তা জিএমটি+২।

**1.75.** "ট্রেডিং অপারেশন সাইজ " – লটের পরিমাণের সাথে লট সাইজের গুণন।

**1.76.** "স্বাভাবিক মার্কেট পরিস্থিতি থেকে ভিন্ন পরিস্থিতি" – থিন মার্কেট এবং ফাস্ট মার্কেট।

**1.77.** "ট্রেডিং কার্যক্রম/ট্রেড" গ্রাহক কর্তৃক কোনো ইন্সট্রুমেন্ট ক্রয়/বিক্রয়।

**1.78.** ট্রেডিং প্লাটফর্ম/ টার্মিনাল- সফটওয়্যার এবং টেকনিক্যাল সুবিধা যা চলতি সময়ে আর্থিক বাজারের চলমান ট্রেডিং বিষয়ক তথ্য গ্রহণে সহায়তা করে, ট্রেডিং কার্যক্রম সম্পাদন করে, গ্রাহক এবং শর্তাবলী অনুযায়ী গ্রাহক এবং ডিলারের মধ্যকার পারস্পরিক বাধ্যতামূলক কার্যক্রম আরোপ করে। বর্তমান চুক্তিপত্রে এটা সহজভাবে বোঝার উদ্দেশ্যে “সার্ভার” এবং “গ্রাহক টার্মিনাল” এর মধ্যে অন্তর্ভুক্ত।

**1.79.** "ট্রেডিং অ্যাকাউন্ট" – ট্রেডিং প্ল্যাটফর্মে রেকর্ডকৃত সমস্ত ক্রিয়াকলাপের অনন্য ব্যক্তিগতকৃত লগ, যেখানে সম্পন্ন হওয়া লেনদেন, ওপেন পজিশন, নন-

মার্কেট অপারেশন এবং অর্ডার সংরক্ষিত হয়।

**1.80.** গ্রাহক এবং কোম্পানির মধ্যে বর্তমান চুক্তি সমস্ত পরিষেবার জন্য ব্যবহারের শর্তাদি সংজ্ঞায়িত করে, যা কোম্পানি এবং অনুমোদিত তৃতীয় পক্ষ সেবা প্রদানকারী সরবরাহ করে থাকে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে সেবা ব্যবহার করে গ্রাহক ট্রেডিং অ্যাকাউন্টে ট্রেডিং কার্যক্রম পরিচালনা করা।

## 2. কোম্পানির সেবাসমূহ।

**2.1.** কোম্পানির সেবাসমূহের বর্ণনা।

**2.1.1.** কোম্পানির সেবার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে সব ইন্টারঅ্যাক্টিভ প্রোগ্রাম এবং কোম্পানি কর্তৃক অফার করা অন্যান্য সেবা, যা একজন গ্রাহককে নিম্নোক্ত কাজগুলো সম্পাদন করতে সহায়তা করে:
- কোম্পানি বা সেবা প্রদানে নিয়োজিত অনুমোদিত তৃতীয় পক্ষের সাথে সংযুক্ত হওয়া;
- কোম্পানি বা কোন অনুমোদিত তৃতীয় পক্ষের কাছ থেকে তথ্য ও কোট গ্রহণ করা;
- কোম্পানির ট্রেডিং টার্মিনাল মেটাট্রেডার 4.0 (সফটওয়ার প্রোগ্রাম) ব্যবহারের মাধ্যমে অর্থ বাজারে ট্রেড করা, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে ইলেক্ট্রিক তথ্য আদান প্রদান, যেখানে গ্রাহক তার পারসোনাল কম্পিউটারের সাথে মডেম বা অন্য কোনো ডিভাইস ব্যবহার করে কোম্পানির ফাইল ট্রান্সফার নেটওয়ার্কে প্রবেশ করে।

**2.1.2.** বর্তমান চুক্তিতে সম্মতির মাধ্যমে গ্রাহক নিশ্চিত করছে যে সে যোগাযোগের নিয়ম-কানুনের সাথে পরিচিত এবং গ্রাহক শুধু টেলিফোন বা কাস্টমার ট্রেডিং টার্মিনাল ব্যবহারের মাধ্যমে নির্দেশনা প্রদান করতে পারবে।

**2.1.3.** কোম্পানির পরিষেবাগুলোর মধ্যে রয়েছে ইনফরমেশন সফটওয়ার সেট "মেটাট্রেডার 4.0", তৃতীয় পক্ষের সরবরাহকৃত প্রযুক্তিগত বিশ্লেষণ এবং তথ্য সরবরাহের সেবা, এবং কোম্পানির অন্যান্য সেবা।

**2.1.4.** গ্রাহক নিশ্চিত করছে যে, কোন প্রকার পূর্ব ঘোষণা ছাড়াই কোম্পানি বর্তমান চুক্তিপত্রে উল্লিখিত সেবার পরিবর্তন, সংযোজন, নতুন নামকরণ করতে বা অপরিবর্তিত রখতে পারে। গ্রাহক স্বীকার করছে যে, বর্তমানে গ্রাহককে যেসব সেবা প্রদান করা হয় সেগুলোর পাশাপাশি ভবিষ্যতে সংযোজিত, পরিবর্তিত বা নতুন নামকরণকৃত সেবার ক্ষেত্রেও এই চুক্তি কার্যকর হবে।

**2.1.5.** গ্রাহকের ট্রেডের ক্ষেত্রে, কোম্পানি গ্রাহককে কোনো ট্রাস্ট ম্যানেজমেন্ট বা পরামর্শ প্রদান ছাড়াই গ্রাহকের অর্ডার সম্পাদন করে। কোম্পানি ট্রেড ক্যারেক্টার ব্যাতিরেকে গ্রাহকের অনুসন্ধান এবং অর্ডার সম্পাদন করে, এমনকি তা গ্রাহকের জন্য লাভজনক না হলেও।

**2.1.6.** বর্তমান চুক্তিতে উল্লিখিত বিষয়গুলোর ক্ষেত্রে, কোম্পানি নিম্নোক্ত কাজগুলো করতে বাধ্য নয়:
- ট্রেড পরিস্থিতি পর্যবেক্ষণ এবং গ্রাহককে তা জানানো;
- গ্রাহকের কোনো ওপেন পজিশন ক্লোজ করা;
- ট্রেডিং প্লাটফর্ম “মেটাট্রেডার 4.0” এ প্রদর্শিত কোট থেকে পৃথক কোট ব্যবহার করে গ্রাহকের নির্দেশনা কার্যকর করার প্রচেষ্টা।

**2.1.7.** গ্রাহককে পরামর্শ ও তথ্য সরবরাহ করে কার্যক্রম পরিচালনা করতে উদ্‌বুদ্ধ করা এই কোম্পানি সেবার আওতাধীন নয়। তবে, কিছু কিছু ক্ষেত্রে কোম্পানি গ্রাহককে তথ্য, পরামর্শ এবং উপদেশ প্রদানের ক্ষমতা সংরক্ষণ করে । এক্ষেত্রে কোম্পানি এজাতীয় কার্যক্রমের ফলাফল ও কার্যকারিতার বিষয়ে কোন দায়-দায়িত্ব গ্রহণ করে না। কোম্পানির এই চুক্তিপত্রের শর্তাবলির আলোকে গ্রাহকের কোন পজিশন বাতিল বা বন্ধ করে দেয়ার অধিকার সংরক্ষণ করে। বিভ্রান্তিকর বা কোন ভুল তথ্যের কারণে গ্রাহকের মাধ্যমে সম্পাদিত

সকল ট্রেডের দায় দায়িত্ব গ্রাহক এবং কোম্পানি উভয়ই গ্রহণ করবে।

**3. মৌলিক নীতিমালা।**

**3.1.** গ্রাহকের অর্ডার প্রেসেসিং করা।

**3.1.1.** ট্রেড সম্পাদনের জন্য "ইন্সট্যান্ট এক্সিকিউশন" কোটিং কৌশল ব্যবহৃত হয়।

**3.1.2.** গ্রাহকের অনুসন্ধান এবং নির্দেশনা সম্পাদিত হয় নিম্নোক্ত পদ্ধতি অনুসারে:
- গ্রাহক অনুসন্ধান করে বা অর্ডার প্রদান করে, যা সঠিক কিনা তা যাচাই হয় কাস্টমার টার্মিনালে;
- কাস্টমার টার্মিনাল অনুসন্ধান বা অর্ডার সার্ভারে পাঠায়;
- সার্ভার কাস্টমারের অর্ডার গ্রহণ করে এবং তা সঠিক কিনা যাচাই করে; তারপর ট্রেডিং টার্মিনালে "সার্ভার অনুরোধ গ্রহণ করেছে" বার্তা প্রদর্শন করে।
- গ্রাহকের অনুসন্ধান বা নির্দেশনা সম্পাদিত হলে, সার্ভার গ্রাহক ট্রেডিং টার্মিনালে ফলাফল ফেরত পাঠায়;
- গ্রাহক টার্মিনাল এবং সার্ভারের মধ্যে নিরবচ্ছিন্ন সংযোগ প্রদানের মাধ্যমে গ্রাহক টার্মিনাল ডিলারের কাছ থেকে অনুসন্ধান বা নির্দেশনা প্রদানের ফলাফল গ্রহণ করে।

**3.1.3.** গ্রাহক আগের অনুরোধ বাতিল করতে পারে (যা সারিতে অপেক্ষমান আছে), কিন্তু কোম্পানি এরূপ প্রচেষ্টার সফলতার নিশ্চয়তা দেয় না।

**3.1.4.** কোন অনুসন্ধান বা অর্ডার সম্পাদনের সময় নির্ভর করে গ্রাহক টার্মিনাল এবং কোম্পানি সার্ভারের মধ্যকার সংযোগের মান এবং বাজার পরিস্থিতির উপর । স্বাভাবিক বাজার পরিস্থিতিতে কোন অনুসন্ধান বা নির্দেশনার জন্য ১-৫ সেকেন্ড সময় প্রয়োজন। বাজার পরিস্থিতি স্বাভাবিক থেকে ভিন্ন হলে সম্পাদনের সময় ১০-১৫ সেকেন্ড পর্যন্ত বৃদ্ধি পেতে পারে।

**3.1.5.** নিম্নোক্ত পরিস্থিতিতে কোম্পানির সার্ভার গ্রাহকের অর্ডার বাতিল করে দিতে পারে:
- ট্রেডিং প্লাটফর্মে প্রথম কোট প্রদর্শিত হওয়ার আগে গ্রাহক অনুসন্ধান করলে, মার্কেট শুরুর সময় "নো প্রাইস" বার্তাটি প্রদর্শিত হয়।
- নতুন পজিশন ওপেন করার জন্য গ্রাহকের যথেষ্ট তহবিল না থাকলে;
- বাজার পরিস্থিতি স্বাভাবিক না থাকলে।

**3.2.** ট্রেডিং কার্যক্রম।

**3.2.1.** মুদ্রা বিড মূল্যে বিক্রি হয়। মুদ্রা আস্ক মূল্যে ক্রয় হয়।

**3.3.** ট্রেডার নূনতম সাইজ।

**3.3.1.** ১০০০০০ মার্কিন ডলার বা অন্য মুদ্রায় তার সমপরিমাণ তহবিলের বা ব্যালেন্সের স্ট্যান্ডার্ড বা ইউরিকা ধরণের অ্যাকাউন্টে ১ ইন্সটাফরেক্স লটে ন্যূনতম পরিজশন সাইজ সীমাদ্ধ থাকতে পারে (অথবা প্রতি পিপে ১ ইউএসডি) । ১০০০০ মার্কিন ডলার বা অন্য মুদ্রায় তার সমপরিমাণ তহবিল বা ব্যালেন্সের অ্যাকাউন্টে কোম্পানির সিদ্ধান্তে ০.১ ইন্সটাফরেক্স লট (অথবা ০.10 ইউএসডি প্রতি পিপে) ন্যূনতম পজিশন সাইজ সীমাবদ্ধ থাকতে পারে। ১০০০০ মার্কিন ডলারের বেশি বা ১০০০০০ মার্কিন ডলারের বেশি তহবিল রয়েছে এমন অ্যাকাউন্টে ইন্সটাফরেক্স লট এর ন্যূনতম আকার কোম্পানির সিদ্ধান্ত অনুযায়ী আনুপাতিক হারে হবে।

**3.3.2.** যদি গ্রাহকের মাধ্যমে খোলা পজিশনের সম্পূর্ণ অর্থ ভিত্তি মুদ্রার নিচে উল্লেখিত পরিমাণকে ছাড়িয়ে যায় তাহলে, কোম্পানি সর্বোচ্চ লেভারেজের মাত্রায় সীমাবদ্ধতা আরোপ করার ক্ষমতা রাখে।
- ৫০,০০,০০০ (পাঁচ মিলিয়ন) মার্কিন ডলারের বেশি তহবিলের জন্য ১:১০০ পর্যন্ত;

- ২০০,০০,০০০ (বিশ মিলিয়ন) মার্কিন ডলারের বেশি তহবিলের জন্য ১:৫০ পর্যন্ত;
কিছু কিছু ক্ষেত্রে যখন ফরেক্সকপি সিস্টেম ব্যবহার করে ডিল ওপেন করা হয় তখন কোম্পানি ফরেক্সকপি ট্রেডারের সব ফলোয়াদের ওপেন ট্রেডগুলো একসাথে হিসাব করতে পারে উপরিউক্ত সীমাবদ্ধতা আরোপ করার জন্য।
এছাড়াও, বর্তমান চুক্তিতে 3.15 ধারায় বর্ণিত স্টপ আউট লেভেল উক্ত ট্রেডারের সব ফলোয়ারের জন্য 50% করা হতে পারে।
কোনো বাছাই করে উক্ত সীমাবদ্ধতা আরোপ করার অধিকার স্বরক্ষণ করে।

**3.3.3.** যেসব অ্যাকাউন্টের ব্যালেন্স 1000 মার্কিন ডলারের বেশি সেগুলোর ক্ষেত্রে লিভারেজ 1:1000 থেকে কমিয়ে 1:600 করা হতে পারে।

**3.4.** স্প্রেড।

**3.4.1.** বিশেষ কোনো পরিস্থিতি (ফোর্স মাজেওর) না হলে কোম্পানি নির্দিষ্ট স্প্রেড ব্যবহার করে যা কোম্পানির অফিসিয়াল ওয়েবসাইটে বর্ণনা করা আছে। স্প্রেড সম্পর্কে জানতে দয়া করে এই লিংক পরিদর্শন করুন: https://www.ifxtradepro.com/en/specifications.php

**3.4.2.** পজিশন পরের দিন পর্যন্ত চালিয়ে যাওয়া। যখন কোনো পজিশন পরের দিনে গড়ায়, যা শুরু হয় 23:59:30 থেকে, তখন ওপেন পজিশনের জন্য সোয়াপ ধার্য হয়। সোয়াপ সম্পর্কে জানতে দয়া করে এই লিংক পরিদর্শন করুন: https://www.ifxtradepro.com/en/specifications.php. বুধবার থেকে বৃহস্পতিবার রাতে তিনগুণ সোয়াপ ধার্য হয়। #SPY এবং #QQQ ছাড়া শুক্রবার সিএফডি'তে সোয়াপ তিনগুণ হয়।

**3.5.** ট্রেডিং শর্তাবলীর সংশোধন।

**3.5.1.** মার্জিনের প্রয়োজনীয়তা, স্প্রেড, অর্ডার কার্যকর করার পরিস্থিতি এবং অন্যান্য শর্তসমূহ জাতীয় ও আন্তর্জাতিক ছুটির দিনগুলোর ভিত্তিতে পরিবর্তন করার অধিকার কোম্পানির রয়েছে, এবং এক্ষেত্রে গ্রাহকদেরকে ৫ দিন পূর্বে জানিয়ে দেওয়া হবে। এ ক্ষেত্রে সকল পরিবর্তন ইতোমধ্যে খোলা ট্রেডসমূহ এবং নতুন পজিশনগুলোতে কার্যকর হবে।

**3.6.** সিএফডি (CFD) পজিইশন ক্লোজ করা।

**3.6.1.** যদি সিএফডি ইস্যুকারি কোম্পানির আর্থিক পরিসংখ্যান প্রকাশের দিন (বা তার পরের দিন দ) বা শেয়ারের হারে ব্যাপক প্রভাব বিস্তারকারী কোন বিশেষ ঘটনা হলে কোম্পানি কোনো ট্রেডিং অ্যাকাউন্টে ওপেন থাকা ট্রেডকে ট্রেডিং সেশন বন্ধ হওয়ার সময় সর্বশেষ মূল্যের উপর ভিত্তি করে ক্লোজ করার অধিকার সংক্ষণ করে। এক্ষেত্রে, সেশন শুরু হওয়ার পর প্রথম ৫ মিনিটের যেকোনো মূল্যে ট্রেড পুনরায় ওপেন করা হবে।

**3.7.** পজিশন খোলা।

**3.7.1.** কোন পজিশন খোলার জন্য গ্রাহক টার্মিনাল থেকে কোম্পানির সার্ভারে একটি অর্ডার পাঠাতে হবে। অর্ডারে নিম্নোক্ত বিষয় অন্তর্ভুক্ত থাকবে:
- ইন্সট্রুমেন্ট;
- পজিশন সাইজ (লট আকারে)।

**3.7.2.** "ইন্সট্যান্ট এক্সিকিউশন" মোডে ট্রেডিং কার্যক্রম করার জন্য সহজলভ্য ইন্সট্রুমেন্টগুলোর তালিকা কোম্পানি অফিসিয়াল ওয়েবসাইটের "ট্রেডিং ইন্সট্রুমেন্ট" অংশে পাওয়া যাবে (https://www.ifxtradepro.com/en/specifications.php).

**3.8.** ট্রেডিং ইন্সট্রুমেন্ট পরিবর্তিত হলে কোম্পানি ৭ দিন পূর্বে গ্রাহককে জানাতে বাধ্য থাকবে।

**3.8.1.** বাই/সেল পজিশন ওপেন করার জন্য গ্রাহককে কাস্টমার টার্মিনাল

ব্যবহার করে অর্ডার পাঠাতে হবে।
- বাই পজিশন খুলতে কাস্টমার টার্মিনালের অর্ডার উইন্ডো থেকে "বাই" ক্লিক করতে হবে, এর ফলে সার্ভারে অর্ডার প্রেরিত হবে।
- সেল পজিশন খোলার জন্য কাস্টমার টার্মিনালের অর্ডার উইন্ডো থেকে সেল ট্যাব ক্লিক করতে হবে, ফলে সার্ভারে অর্ডার প্রেরিত হবে।

**3.9.** পজিশন খোলার জন্য কাস্টমার অর্ডার কার্যকর করা।

**3.9.1.** যদি ফ্রি মার্জিনের পরিমাণ যথেষ্ট থাকে তাহলে নতুন পজিশন খোলা হবে। নতুন ফ্রি মার্জিনের পরিমাণ স্বয়ংক্রিয়ভাবে সমন্বয় হবে।

**3.9.2.** যদি ফ্রি মার্জিনের পরিমাণ যথেষ্ট না থাকে তাহলে পজিশন ওপেন হবে না, এক্ষেত্রে অপর্যাপ্ত তহবিলের বিষয়ে একটি বার্তা অর্ডার উইন্ডোতে প্রদর্শিত হবে।

**3.9.3.** যদি সার্ভারে কাস্টমার অর্ডার তৈরি বা অনুসন্ধান কার্যকর করার সময় মূল্য পরিবর্তন হয়, তাহলে সার্ভার নতুন বিড/আস্ক প্রাইস অফার করবে। এক্ষেত্রে নতুন "রিকোট" উইন্ডো নতুন মূল্য প্রদর্শন করবে। যদি গ্রাহক নতুন অফার মূল্য ট্রেড করতে চায়, তাহলে তাকে "রিকোট" উইন্ডো এর "ওকে" ট্যাব ৩ সেকেন্ডের মধ্যে ক্লিক করতে হবে।

**3.9.4.** যদি সার্ভারের যথাযথ ফাইলে নতুন রেকর্ড তৈরি হয়, তাহলে বুঝতে হবে নতুন পজিশন খোলার জন্য গ্রাহকের অর্ডার কার্যকর হয়েছে এবং নতুন পজিশন খোলা হয়েছে। প্রতিটি নতুন পজিশন একটি পর্যায়ক্রমিক টিকিট নম্বর পাবে।

**3.10.** পজিশন ক্লোজ করা।

**3.10.1.** কাস্টমার টার্মিনালে কোনো পজিশন ক্লোজ করার জন্য গ্রাহককে নিম্নোক্ত প্যারামিটারগুলো নির্ধারণ করতে হবে:
- যে পজিশন বন্ধ করতে হবে তার টিকিট,
- পজিশনের সাইজ।

**3.10.2.** কোনো পজিশন ক্লোজ করার জন্য ট্রেডিং টার্মিনাল থেকে গ্রাহককে "ক্লোজ পজিশন" আইকনে ক্লিক করতে হবে।

**3.11.** পজিশন ক্লোজ করার জন্য কাস্টমার অর্ডার সম্পাদন।

**3.11.1.** যদি সার্ভারে কাস্টমার অর্ডার তৈরি বা অনুসন্ধান কার্যকর করার সময় মূল্য পরিবর্তন হয়, তাহলে সার্ভার নতুন বিড/আস্ক প্রাইস অফার করবে। এক্ষেত্রে নতুন "রিকোট" উইন্ডো নতুন মূল্য প্রদর্শন করবে। যদি গ্রাহক নতুন অফার মূল্য ট্রেড করতে চায়, তাহলে তাকে "রিকোট" উইন্ডো এর "ওকে" ট্যাব ৩ সেকেন্ডের মধ্যে ক্লিক করতে হবে।

**3.11.2.** কোনো পজিশন ক্লোজ করার জন্য গ্রাহককের অর্ডার সম্পন্ন হয়েছে এবং পজিশন ক্লোজ করা হয়েছে বিবেচনা করা হয় তখন যখন সার্ভারের লগ ফাইলে সংশ্লিষ্ট রেকর্ড তৈরি হয়।

**3.12.** ইন্সটাট্রেডার ট্রেডিং টার্মিনালে সহজলভ্য অর্ডারগুলোর বর্ণনা:

**3.12.1.** অর্ডারের ধরণ:
"বাই স্টপ" হলো অর্ডার দেওয়ার সময়ের মূল্য থেকে বেশি মূল্যে বাই পজিশন খোলা;
"সেল স্টপ" হলো অর্ডার দেওয়ার সময়ের মূল্যের চেয়ে কম মূল্যে সেল পজিশন খোলা;
"বাই লিমিট" হলো অর্ডার দেওয়ার সময়ের মূল্যের চেয়ে কম মূল্যে বাই পজিশন খোলা;
"সেল লিমিট" হলো অর্ডার দেওয়ার সময়ের মূল্যের চেয়ে বেশি মূল্যে সেল পজিশন ওপেন করা।

**3.12.2.** পজিশন ক্লোজ করার জন্য নিম্নোক্ত অর্ডারগুলো ব্যবহার করা যাবে:
"স্টপ লস" হলো আগের খোলা কোনো পজিশন এমন কোনো মূল্যে বন্ধ করা, যা অর্ডার দেওয়ার সময়ের সাথে তুলনা করলে কম লাভজনক;
"টেক প্রফিট" হলো আগের কোনো খোলা পজিশন এমন কোনো মুল্যে বন্ধ করা, যা অর্ডার দেওয়ার সময়ের সাথে তুলনা করলে বেশি লভজনক।

**3.12.3.** কোনো পেন্ডিং অর্ডার সক্রিয় না হয়ে থাকলে গ্রাহক তা পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

**3.13.** অর্ডার কার্যকর করা।

**3.13.1.** নিম্নোক্ত ক্ষেত্রগুলোতে অর্ডার কার্যকর করার জন্য লাইনে রাখা হয়:
- স্ট্রিমিং কোটস এ বিড প্রাইস অর্ডার লেভেল থেকে কম বা অর্ডার লেভেলের সমান হলে সেল স্টপ অর্ডার কার্যকর করার জন্য সারিবদ্ধ করা হয়;
- স্ট্রিমিং কোটস এ আস্ক প্রাইস অর্ডার লেভেল স্পর্শ করলে বা অতিক্রম করলে বাই স্টপ অর্ডার কার্যকর করার জন্য সারিবদ্ধ করা হয়;
- স্ট্রিমিং কোটস এ বিড প্রাইস অর্ডার লেভেল স্পর্শ করলে বা অর্ডার লেভেল অতিক্রম করলে সেল লিমিট অর্ডার কার্যকর করার জন্য সারিবদ্ধ করা হয়;
- স্ট্রিমিং কোটস এ আস্ক প্রাইস অর্ডার লেভেল স্পর্শ করলে বা অর্ডার লেভেল থেকে কম হলে বাই লিমিট অর্ডার কার্যকর করার জন্য সারিবদ্ধ করা হয়;
- স্ট্রিমিং কোটস এ বিড প্রাইস অর্ডার লেভেল স্পর্শ করলে বা অর্ডার লেভেল অতিক্রম করলে খোলা বাই পজিশনের জন্য টেক প্রোফিট অর্ডার কার্যকর করার জন্য সারিবদ্ধ করা হয়;
- যখন স্ট্রিমিং কোটস এ বিড প্রাইস অর্ডার লেভেল থেকে কম হয় বা অর্ডার লেভেলের সমান হয়, তখন খোলা বাই পজিশনের জন্য স্টপ লস অর্ডার কার্যকর হয়;
- যখন স্ট্রিমিং কোটস এ আস্ক প্রাইস অর্ডার লেভেলের সমান হয় বা অর্ডার লেভেল থেকে কম হয় তখন খোলা সেল ট্রেডের জন্য টেক প্রফিট অর্ডার কার্যকর হয়;
- যখন স্ট্রিমিং কোটস এ আস্ক প্রাইস অর্ডার লেভেলের সমান হয় বা তা অতিক্রম করে তখন খোলা সেল পজিইশন বিক্রির জন্য স্টপ লস অর্ডার কার্যকর হয়।

**3.13.2.** প্রাইস গ্যাপ থাকলে নিম্নোক্ত নিয়মের ভিত্তিতে অর্ডার কার্যকর করা হয়:
- পেন্ডিং অর্ডারের ক্ষেত্রে যখন ওপেন লেভেল এবং টেক প্রোফিট এর মধ্যে প্রাইস গ্যাপ থাকে তখন একটি মন্তব্য [বাতিল/গ্যাপ] সহ তা বাতিল করা হয়;
- টেক প্রফিট অর্ডার লেভেল প্রাইস গ্যাপে থাকলে অর্ডারের নির্ধারিত মূল্যে কার্যকর করা হয়;
- স্টপ লস অর্ডার প্রাইস গ্যাপে থাকলে প্রাইস গ্যাপের পর প্রাপ্ত প্রথম মূল্যে একটি মন্তব্য [sl/gap] সহ কার্যকর করা হয়;
- বাই স্টপ এবং সেল স্টপ পেনডিং অর্ডার কার্যকর করা হয় প্রাইস গ্যাপের পর প্রাপ্ত প্রথম মূল্যে, এক্ষেত্রে মন্তব্যে [started/gap] উল্লেখ থাকে;
- বাই লিমিট এবং সেল লিমিট পেনডিং অর্ডার কার্যকর করা হয় নির্ধারিত মূল্যে এবং মন্তব্যে [started/gap] উল্লেখ থাকে/।
কিছু কিছু ক্ষেত্রে যখন প্রাইস গ্যাপ কম থাকে তখন অর্ডার প্রাইসের নির্ধারিত মূল্যে অর্ডার কাস্টমারি মোডে অর্ডার কার্যকর করা হয়।

**3.13.3.** যখন পেনডিং অর্ডার কার্যকর করার জন্য পাওয়া যায় এবং ফ্রি মার্জিনের পরিমাণ পেন্ডিং অর্ডারের জন্য যথেষ্ট থাকে না, তখন "ডিলার কর্তৃক বাতিল" মন্তব্য সহ তা বাতিল করা হয়।

**3.14.** অর্ডার দেওয়ার সময় ও বৈধতা, প্যারামিটার এবং নিয়মসমূহ।

**3.14.1.** শুধু গ্রাহক প্রদান, বাতিল বা পরিবর্তন করতে পারব যখন নির্বাচিত ইন্সট্রুমেন্টে ট্রেডিংয়ের অনুমতি থাকে। প্রতিটি ইন্সট্রুমেন্ট এর জন্য ট্রেডিংয়ের সময় এখানে বর্নিত আছে https://www.ifxtradepro.com

/en/specifications.php.

**3.14.2.** পেন্ডিং অর্ডার দেওয়ার ক্ষেত্রে গ্রাহক নিম্নোক্ত তথ্য সরবরাহ করবে:
- ইন্সট্রুমেন্ট;
- পজিশনের সাইজ (ভলিউম);
- অর্ডারের ধরণ (বাই স্টপ, সেল স্টপ, বাই লিমিট, সেল লিমিট);
- অর্ডারের নির্ধারিত প্রাইস লেভেল।

**3.14.3.** যখন পেন্ডিং অর্ডার কার্যকর করা হয় তখন সার্ভার স্বয়ংক্রিয়ভাবে ট্রেডিং অ্যাকাউন্টের পরিস্থিতি যাচাই করে দেখে যে ফ্রি মার্জিন সহজলভ্য আছে কিনা। ওপেন পজিশনের তালিকায় নতুন পজিশন যুক্ত করা হয়; কিউমিউলেটিভ কাস্টমার পজিশন এবং ফ্রি মার্জিন হিসাব করা হয়।

**3.14.4.** স্বাভাবিক বাজার পরিস্থিতিতে নির্ধারিত মূল্য সার্ভার অর্ডার কার্যকর করে থাকে কোনো স্লিপেজ ছাড়াই।

**3.14.5.** সার্ভার লগ ফাইলে রেকর্ড হলে অর্ডার কার্যকর হয়েছে বলে ধরে নেওয়া হয়।

**3.15.** পজিশন জোরপূর্বক বন্ধ করা।

**3.15.1.** যখন গ্রাহকের মার্জিন লেভেল 30% এর কম থাকবে, তখন মার্জিন কল কার্যকর হবে। এক্ষেত্রে কোম্পানি গ্রাহকের পজিশন বন্ধ করার অধিকার সংরক্ষণ করে, কিন্তু কোম্পানি গ্রাহকের পজিশন বন্ধ করতে বাধ্য থাকবে না। কোম্পানি নিজ ইচ্ছায় সিদ্ধান্ত নিবে গ্রাহকের পজিশন বন্ধ করবে কিনা।

**3.15.2.** যদি বর্তমান ট্রেডিং অ্যাকাউন্ট পরিস্থিতি(ইকুইটি) কোন খোলা অবস্থান রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় মার্জিনের ১০% এর কম হয় তাহলে কোম্পানি কোন প্রকার পূর্ব ঘোষণা ছাড়ায় গ্রাহকের অবস্থান বন্ধ করার জন্য অধিকার সংরক্ষণ করে।

**3.15.3.** সার্ভার অ্যাকাউন্টের বর্তমান পরিস্থিতি নিয়ন্ত্রণ করে। যদি বর্তমান চুক্তিপত্রের 3.15.2 ধারা ভঙ্গ হয় তাহলে সার্ভার জোরপূর্বক পজিশন ক্লোজ করবে (স্টপ আউট)। গ্রাহকের সাধারণ অর্ডার সারির উপর ভিত্তি করে বাজার মূল্যের ভিত্তিতে স্টপ আউট কার্যকর করা হয়। সার্ভার লগ ফাইলে জোরপূর্বক বন্ধ করা পজিশন "স্টপ আউট" হিসাবে লিপিবদ্ধ হয়।

**3.15.4.** যদি বর্তমান চুক্তিতে বর্ণিত 3.15.2 ধারা ভঙ্গ হয়, এবং গ্রাহকের কয়েকটি খোলা পজিশন থাকে, তাহলে যে পজিশনে সর্বোচ্চ ফ্লোটিং লস রয়েছে তা আগে বন্ধ হবে।

**3.15.5.** স্বাভাবিক বাজার পরিস্থিতিতে যদি ট্রেডিং অ্যাকাউন্টের শেষ পজিশন ক্লোজ হয়, তাহলে কোম্পানি সর্বশেষ জোরপূর্বক বন্ধ করা পজিশনের জন্য ০% থেকে ১০% মার্জিন প্রদান করতে পারে। কোম্পানি এক্ষেত্রে গ্রাহকের কোনো ট্রেডিং অ্যাকাউন্টের নেগেটিভ ব্যালেন্স গ্রাহকের অন্য কোনো ট্রেডিং অ্যাকাউন্টের ব্যালেন্সের মাধ্যমে পূরণ করার অধিকার সংরক্ষণ করে।

**3.15.6.** জোরপূর্বক পজিশন ক্লোজিং এর স্বয়ংক্রিয় প্রক্রিয়ায় বিলম্ব হতে পারে। এর কারণ হতে পারে অপেক্ষাকৃত অনুকূল মূল্যে পজিশন ক্লোজ করার প্রচেষ্টা। "স্টপ আউট' এর মাধ্যমে ডিল ক্লোজিং এর ক্ষেত্রে অর্ডারের মন্তব্যে অ্যাকাউন্ট পরিস্থিতি উল্লেখ থাকে, যেখানে ফ্রি মার্জিনের পরিমাণ, অ্যাকাউন্ট ব্যালেন্স এবং মার্জিন লেভেল থাকে। গ্রাহকের কাজ দাবির ক্ষেত্রে "স্টপ আউট" লেভেল থেকে গ্রাহকের জন্য বেশি অনুকূল মূল্যে পজিশন বন্ধ করার আবেদন বিবেচনায় নেওয়া হবে না। "স্টপ আউট" লেভেল থেকে গ্রাহকের জন্য কম অনুকূল মূল্যে পজিশন বন্ধ করার জন গ্রাহকের দাবি বিবেচনায় নেওয়া হতে পারে।

**3.15.7.** এই চুক্তি মেনে নেওয়ার মাধ্যমে উভয় পক্ষ সম্মত হয়েছে যে, মার্কেট ওয়ার্কিং টাইম সোমবার 00:00 থেকে শুক্রবার 23:59 পর্যন্ত এবং তা বছরে

দুইবার পরিবর্তি হয় - কারণ ইউরোপ ডে-লাইট সেভিং সময়ে প্রবেশ করে এবং তা থেকে বের হয়ে আসে, যা ঘটে থাকে যথাক্রমে মার্চের শেষ রবিবার এবং অক্টোবরের শেষ রবিবার।

**3.15.8.** একই সাথে সর্বোচ্চ কত সংখ্যক ডিল ওপেন করা যাবে সেক্ষেত্রে কোনো সীমাবদ্ধতা নেই। তবে খোলা অর্ডারের সংখ্যার উপর কোম্পানি পর্যবেক্ষণের মাধ্যমে সীমাবদ্ধতা আরোপ করতে পারবে।

**3.15.9.** ফোর্স মাজেওর এবং নন-মার্কেট পরিস্থিতিতে গ্রাহককে কোনো পূর্ব নোটিশ প্রদান ছাড়াই কোম্পানি তার নিজের ইচ্ছায় যেকোনো মূল্য সব অর্ডার ক্লোজ করার অধিকার সংরক্ষণ করে।

## 4. অর্থ জমা/উত্তোলন।

**4.1.** কাস্টমার ট্রেডিং অ্যাকাউন্ট থেকে অর্থ উত্তোলন।

**4.1.1.** কোম্পানির ওয়েবসাইটে কাস্টমার ক্যাবিনেটে সংক্রিয় পেমেন্ট সিস্টেমগুলোর মাধ্যমে গ্রাহক তার ট্রেডিং অ্যাকাউন্ট থেকে অর্থ উত্তোলন করতে পারবে।

**4.1.2.** ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেম ব্যবহার করে যেসব ট্রেডিং অ্যাকাউন্টে তহবিল জমা করা হয়েছে সেগুলো থেকে অর্থ ব্যাংক কারেন্সি ট্রান্সফারের মাধ্যমে ট্রেডিং অ্যাকাউন্টের মালিকের ব্যাংক অ্যাকাউন্টে অর্থ উত্তোলন করা যাবে, যদি কোম্পানি তাতে সম্মত হয়।

**4.1.3.** ইলেক্ট্রনিক পেমেন্ট সিস্টেম ব্যবহার করে অর্থ জমা করলে উত্তোলনের ক্ষেত্রে সেই একই পেমেন্ট সিস্টেম এবং একই অ্যাকাউন্টে উত্তোলন করতে হবে (কারেন্সি, অ্যাকাউন্ট নম্বর), যেখান থেকে অর্থ জমা করা হয়েছে। যদি ট্রেডিং অ্যাকাউন্টে একাধিক পেমেন্ট সিস্টেম, ওয়ালেট এবং ভিন্ন ভিন্ন মুদ্রা ব্যবহার করে অর্থ জমা করা হয়, তাহলে উত্তোলনের আবেদন সে অনুপাতে হবে।

**4.1.4.** যদি গ্রাহক পেমেন্ট সিস্টেম তার বিস্তারিত তথ্য পরিবর্তন করে, তাহলে F1 ফর্ম পূরণ করে এবং আইডি স্ক্যান করে কোম্পানির ফিন্যান্স ডিপার্টমেন্টে পাঠিয়ে তা জানাতে হবে। তা না হলে কোম্পানি নতুন ব্যক্তিগত তথ্যের ভিত্তিতে গ্রাহকের উত্তোলন আবেদন বাতিল অকরতে পারবে।

**4.1.5.** উত্তোল প্রক্রিয়া নির্ধারিত সময়ে সম্পন্ন হয়, যা প্রতিটি পেমেন্ট সিস্টেমের ক্ষেত্রে আলাদা হতে পারে; এই চুক্তির 9.1.4 ধারায় বর্ণিত পরিস্থিতি ছাড়া কিছু কিছু ক্ষেত্রে উত্তোলনের সময় 5 দিন পর্যন্ত বৃদ্ধি পেতে পারে।

**4.1.6.** ইন্সটাওয়ালেট ব্যবহার করে ট্রেডিং অ্যাকাউন্টে অর্থ জমা করে অন্য পেমেন্ট সিস্টেমে উত্তোলন ক্ষেত্রে জমা করার 5 দিন পর উত্তলোন করা যাবে ইন্সটাওয়ালেন্ট সিস্টেম ব্যবহার করে জমা করা তহবিল উত্তোলনের ক্ষেত্রে নিম্নোক্ত কমিশন ধার্য করা হয়:
- উত্তোলন পরিমাণের 2%, যদি ট্রেডিং অ্যাকাউন্ট বেশ ট্রেডিং কার্যক্রম থাকে, যদি তহবিল ইন্সটাওয়ালেট সিস্টেম ব্যবহার করে ডিপোজিট করা হয়, এবং ইন্সটাওয়ালেটে ডিপোজিট করা ও ইন্সটাওয়ালেট থেকে উত্তোলনের জন্য ভিন্ন পেমেন্ট পদ্ধতি ব্যবহার করা হয়;
- উত্তোলন পরিমাণের 5%, যদি ট্রেডিং অ্যাকাউন্টে ট্রেডিং কার্যক্রম কম থাকে, এবং ইন্সটাওয়ালেটে ডিপোজিট করার জন্য ও ইন্সটাওয়ালেট থেকে উত্তোলন করার জন্য ভিন্ন পেমেন্ট পদ্ধতি ব্যবহার করা হয়;
- ইন্সটাওয়ালেটে ডিপোজিট করা এবং ইন্সটাওয়ালেট থেকে উত্তোলন করার জন্য একই পেমেন্ট সিস্টেম ব্যবহার করা হলে কোনো কমিশন গ্রহণ করা হয়না।

ফিন্যান্স ডিপার্টমেন্ট নিজ ইচ্ছায় ট্রেডিং অ্যাকাউন্ট এর ট্রেডিং কার্যক্রম মূল্যায়ন করবে এবং বর্ণিত উত্তোলন কমিশন ধার্য করবে।

**4.1.7.** যদি পেমেন্ট সিস্টেমগুলোর মধ্যে মুদ্রা পরিবর্তন করতে হয়, তাহলে এক্সচেঞ্জ সার্ভিসের জন্য কোম্পানি অতিরিক্ত কমিশন ধার্য করতে পারবে।

**4.1.8.** যদি ডিপোজিট করার মুদ্রা ও গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্টের মুদ্রা ভিন্ন হয়, তাহলে কোম্পানি উত্তোলন আবেদনের ক্ষেত্রে মুদ্রা বিনিময় হার প্রয়োগ করবে। কিছু কিছু ক্ষেত্রে কোম্পানি নিজ ইচ্ছায় গড় এক্সচেঞ্জ রেট ব্যবহার করতে পারে।

**4.2.** কোম্পানির ওয়েবসাইটে বর্ণিত যেকোনো পদ্ধতি ব্যবহার করে গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্টে অর্থ জমা করা যাবে।

**4.2.1.** গ্রাহক স্বীকার করছে যে, সফটওয়্যার ম্যালফাংশনের কারণে ট্রেডিং অ্যাকাউন্টে অর্থ জমা করতে বিলম্ব হতে পারে।

**4.2.2.** সফটওয়্যারে কোনো ত্রুটি দেখা দিলে এবং সে কারণে স্বয়ংক্রিয়ভাবে তহবিল জমা হতে বিলম্ব হলে কোম্পানি গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্টে অর্থ জমা করতে বাধ্য থাকবে। কিন্তু এক্ষেত্রে গ্রাহকের পক্ষ থেকে এই বিলম্ব হওয়ার বিষয়টি কোম্পানিকে জানাতে হবে।

**4.3.** ডিপোজিট/ উত্তোলনের জন্য ধার্য ফি।

**4.3.1.** ট্রেডিং অ্যাকাউন্টে তহবিল জমা করার ক্ষেত্রে এই তালিকাভুক্ত পেমেন্ট সিস্টেমগুলোর জন্য কোম্পানি সম্পূর্ণ বা আংশিক ফি বহন করবে https://secure.ifxtradepro.com/deposits. যদি এই সেবার অপব্যবহার ধরা পড়ে তাহলে কোম্পানি গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্ট থেকে কমিশন কেটে রাখার অধিকার সংরক্ষণ করে।

**4.3.2.** যেকোনো পেমেন্ট সিস্টেমের ক্ষেত্রে কোম্পানি যেকোনো সময় উত্তোলন বা জমাদানের জন্য কমিশনের পরিমাণ বৃদ্ধি করতে পারে। যহোক, এরূপ ক্ষেত্রে তার পরিমাণ 7% এর বেশি হবে না, যা একই পেমেন্ট পদ্ধতি ব্যবহার করে অর্থ পাঠানো/গ্রহণ করার জন্য কোম্পানি প্রকৃত খরচের সাথে যোগ হয়।

**4.3.3.** নিষ্ক্রিয় অ্যাকাউন্টের ক্ষেত্রে ৩য় নিষ্ক্রিয় মাস থেকে কোম্পানি প্রতি মাসে ১০ ইউএসডি করে কেটে রাখবে।

## 5. ব্যবসায়িক শৃঙ্খলা, অভিযোগ এবং বিবাদ মীমাংসা।

**5.1.** যখন কোনো কিছুতে বিবাদ তৈরি হয়, তখন গ্রাহক কোম্পানির কাছে অভিযোগ করতে পারবে। সমস্যা তৈরি তারিখ থেকে দুই কার্য-দিবসের মধ্যে অভিযোগ গ্রহণ করা হয়।

**5.2.** অভিযোগ ইমেইল আকারে ট্রেডিং অপারেশনস ডিপার্টমেন্টে পাঠাতে হবে dealer@instaforex.com অনুসন্ধান সমাপ্ত না হওয়া পর্যন্ত অভিযোগকারী তা প্রকাশ করতে পারবে না।
অন্য কোনোভাবে অভিযোগ দায়ের করা হলে তা খতিয়ে দেখা হবে না।

**5.3.** কোম্পানি 10 দিনের মধ্যে গ্রাহকের অভিযোগের প্রক্রিয়া সম্পন্ন করবে:
যদি গ্রাহকের অভিযোগ সঠিক বলে প্রমাণিত হয়, তাহলে কোম্পানি তা গ্রহণ করবে এবং এক কর্মদিবসের মধ্যে গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্টে তহবিল জমা করবে।
এই চুক্তিতে উল্লেখ নেই এমন কোনো অভিযোগের ক্ষেত্রে কোম্পানি সাধারণ বাজার নিয়ম-নীতি অনুসরণ করবে।

**5.4.** গ্রাহকের অভিযোগের মধ্যে থাকবে:
- সম্পূর্ণ নাম;
- ট্রেডিং অ্যাকাউন্ট নম্বর;
- বিবাদ সংঘটিত হওয়ার সময় এবং তারিখ;
- বিবাদমান বিষয় বা অর্ডার টিকেট;
- বিবাদমান বিষয়ের আবেগ বিবর্জিত বর্ণনা।

**5.5.** কোম্পানি নিম্নোক্ত ক্ষেত্রে কোনো অভিযোগ বাতি করার অধিকার সংরক্ষণ করে:
- অভিযোগ যদি এই ধারাগুলো ভঙ্গ করে 5.1, 5.2, 5.4.;
- অভিযোগের মধ্যে কুরুচি-পূর্ণ/বাজে শব্দ ব্যবহার অথবা/ এবং কোম্পানিকে বা এর কর্মকর্তাদেরকে অপমান করা;
- অভিযোগের মধ্যে যদি কোম্পানি এবং তার কর্মকর্তাদের জন্য হুমকি থাকে;
- সামাজিক মাধ্যম বা অন্য কোনো কমিউনিটি রিসোর্স ব্যবহার করে গ্রাহক যদি কোম্পানির খ্যাতি নষ্ট করার হুমকি দেয়।

**5.6.** যদি সার্ভারে কোনো ত্রুটি দেখা দেয় এবং তার ফলশ্রুতিতে কোটস সরবরাহে বিলম্ব, স্পাইক ও কোম্পানির জন্য অন্যান্য নেতিবাচক ফলাফল থাকে, তাহলে কোম্পানি ট্রেডের ফলাফল সংশোধন করার অধিকার সংরক্ষণ করে এবং কোম্পানির কনট্রাক্টরগণ সেক্ষেত্রে সুরক্ষা প্রদান নাও করতে পারে।

**5.7.** কোম্পানি নিশ্চিত করছে যে, নন-মার্কেট কোট (স্পাইক) -এ গ্রাহকের যেকোনো ডিলে ভুল পারফরমেন্স ধরা পরলে তা ফিরিয়ে আনা হবে।

**5.8.** যদি কোনো পজিশন ত্রিপল লক সহ কোনো লকিং সিস্টেম দ্বারা সম্পূর্ণ লক করা থাকে এবং সোয়াপের মান পজিটিভ হয়, তাহলে কোম্পানি সোয়াপ সংশোধন করতে পারবে।

**5.9.** বর্তমান চুক্তি প্রফিট এক্সট্রাকশন এর সাথে সম্পর্কিত কৌশল নিষিদ্ধ করছে, যার মধ্যে রয়েছে আন্তর্জাতিক ভাবে এমন পরিস্থিতি তৈরি করা যেখানে কোনো গ্রাহকের বা এক দল গ্রাহকের অ্যাকাউন্ট ব্যালেন্স নেগেটিভ হয়, এচাড়াও এমন পরিস্থিতি রয়েছে যেখানে বিভিন্ন ব্যক্তির নামে অ্যাকাউন্ট খোলা হয়, যা একই কৌশলের অংশ হিসাবে কাজ করে। এই ধরণের কৌশল অবলম্বন করা হলে কোম্পানি বর্তমান চুক্তির 3.15.5 ধারা প্রয়োগ করার অধিকার সংরক্ষণ করে।

**5.10.** যদি মার্কেট ক্লোজ এর সময় গ্রাহক অ্যাকাউন্টে ওপেন করা মোট পজিশনের পরিমাণে মোট মুনাফার সংখ্যা যদি ডিপোজিটের 0.5% এর বেশি পরিবর্তিত হয়, যদি মূল্য পরিবর্তন হয় 1 পিপ (প্রত্যেক 1,000 মার্কিন ডলার ডিপোজিটের জন্য 5 ইন্সটাফরেক্স লট এর বেশি), তাহলে কোম্পানি এরূপ ডিল এর ফলাফল সংশোধন করার অধিকার সংরক্ষণ করে যদি পিপ গ্যাপের আনুপাতিক হারে মার্কেট গ্যাপ সহ ওপেন হয়।

**5.11.** নিম্নোক্ত ক্ষেত্রে পুনরায় পজিশন খোলার জন্য আবেদন আসলে কোম্পানির ডিলিং ডিপার্টমেন্ট ইতিবাচক সিদ্ধান্ত গ্রহণ করে: যদি ভুল করে বন্ধ হওয়া পজিশন পুনরায় চালু করার সিদ্ধান্তের সময় পর্যন্ত উল্লেখযোগ্য পরিমাণ মূল্য ও সময় পার্থক্য থাকে, তাহলে বন্ধ করা ও চালু করার মধ্যবর্তী সময়ের গড় মূল্য বা বন্ধ হওয়ার মুহূর্ত থেকে এক ঘণ্টার মধ্যের মূল্য ব্যবহার করা তা পুনরায় খোলা যাবে। যেহেতু পজিশন ভুলক্রমে বন্ধ হয়েছে, তাই পুনরায় পজিশন খোলার অর্থ একই পরিমাণের নতুন পজিশন খোলা। এই নীতি ভুলক্রমে বন্ধ হওয়া পজিশনের ক্ষতিপূরণ হিসাবে কাজ করবে।

**5.12.** যখন কোনো ইন্সট্রুমেট এর মার্কেট ক্লোজ এর সময়ের সর্বশেষ মূল্য এবং মার্কেট ওপেন এর সময়ের প্রথম মূল্যের সাথে পার্থক্য হয়, অথবা কোনো সংবাদ প্রকাশের কারণে মুনাফার পরিমাণ ইনিশিয়াল ডিপোজিটের তুলনায় 10% বৃদ্ধি পায়, তখন কোম্পানি উপরিউক্ত পিপ মূল্যের পার্থক্যের অনুপাতে এরূপ ফলাফল সংশোধন করে অধিকার সংরক্ষণ করে, এক্ষেত্রে তহবিল বিয়োগ করে "5.12. ধারা সংশোধন" মন্তব্য করা হয়। কিছু কিছু ক্ষেত্রে কোম্পানি নিজ ইচ্ছায় মিনিমাল প্রফিট চেঞ্জ 10% লেভেলের নিচে রাখতে পারবে।

**5.13.** কোম্পানি যেকোনো ডিলের ফলাফল বাতিল করতে পারে, যদি কোম্পানি খুঁজে পায় যে, ডিলে যে অর্থ ব্যবহার করা হয়েছে তা গ্রাহকের সম্মতিপ্রাপ্ত বর্তমান চুক্তি বা কম্পানির অন্য যেকোনো চুক্তির কোনো ধারা ভঙ্গ করে অর্জন করা হয়েছে।

**5.14.** যদি সবগুলো ট্রেডের মোট সোয়াপের পরিমাণ 5,000 মার্কিন ডলার অতিক্রম

করে, তাহলে কোম্পানি তা সংশোধন করে কিছু কিছু ক্ষেত্রে 5,000 মার্কিন ডলারে পরিবর্তিত করতে পারে।

**5.15.** টেকনিক্যাল ত্রুটি জনিত ফলাফলের কারণে গ্রাহকের জন্য ক্ষতিপূরণের পরিমাণ 500,000 মার্কিন ডলার অতিক্রম করবে না।

**5.16.** লোকসান হওয়া, সম্ভাব্য মুনাফা এবং ইকুইপমেন্ট সহজলভ্য না থাকার কারণে ক্ষতি হওয়ার জন্য ক্ষতিপূরণ প্রদান করা হবে না।

**6. গ্রাহক সনাক্তকরণ ও ভেরিফিকেশন।**

**6.1.** ট্রেডিং অ্যাকাউন্ট খোলার সময় গ্রাহক যে তথ্য প্রদান করেছিলো কোম্পানি তা যাচাই করার জন্য গ্রাহকের কাছে অনুরোধ করতে পারে। যেকোনো সময় কোম্পানি গ্রাহককে নোটারিসহ আইডি বা আইডিসমূহের কপি সরবরাহের অনুরোধ করতে পারে। এছাড়াও, কোম্পানি নিজ ইচ্ছায় অন্য কোনো উপায়ে গ্রাহক সম্পর্কে তথ্য সংগ্রহ করতে পারবে। গ্রাহক এরূপ অনুরোধ মানতে বাধ্য থাকবে।

**6.2.** যদি গ্রাহক তার পাসপোর্ট/আইডি এর স্ক্যান কপি প্রদানের অনুরোধ নাও পেয়ে থাকে এবং ট্রেডিং অ্যাকাউন্টের ভেরিফিকেশন প্রক্রিয়ার প্রয়োজন না হয়, তবুও গ্রাহক নিজ ইচ্ছায় তার পাসপোর্ট বা তাকে সনাক্ত করে এমন যেকোনো ডকুমেন্টের কপি তার ক্লায়েন্ট ক্যাবিনেটে আপলোড করতে পারবে।

**6.3.** যদি অ্যাকাউন্ট খোলার পর গ্রাহকের ব্যক্তিগত নিবন্ধন তথ্য পরিবর্তিত হয় (যেমন নাম, ঠিকানা, টেলিফোন), তাহলে গ্রাহক তা কোম্পানির ক্লায়েন্ট রিলেশনস ডিপার্টমেন্টে জানাতে বাধ্য থাকবে এবং তার নিবন্ধন তথ্য পরিবর্তনের জন্য অনুরোধ করবে।

**6.4.** গ্রাহক স্বীকার করছে যে, নিবন্ধনের সময় দেওয়া গ্রাহকের ব্যক্তিগত তথ্য কোম্পানি AML(অর্থ পাচার প্রতিরোধ) নীতি এর ক্ষেত্রে ব্যবহার করতে পারবে।

**6.5.** গ্রাহক তার সরবরাহকৃত ডকুমেন্ট বা ডকুমেন্টের কপি এর জন্য সত্যতার জন্য দায়বদ্ধ থাকবে। গ্রাহক স্বীকার করছে যে কোম্পানি যদি তার পাঠানো ডকুমেন্টের সত্যতার বিষয়ে সন্দেহ পোষণ করে তাহলে সত্যতার বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য ডকুমেন্ট ইস্যুকারী দেশের আইন-প্রয়োকারী সংস্থার সাথে যোগাযোগ করতে পারবে। এক্ষেত্রে ডকুমেন্ট ভুয়া বা নকল প্রমাণিত হলে ডকুমেন্ট ইস্যুকারী দেশের আইন অনুযায়ী গ্রাহক দায়বদ্ধতা গ্রহণ করতে বাধ্য থাকবে।

**7. ঝুঁকি।**

এই বিজ্ঞপ্তি প্রদানের প্রধান উদ্দেশ্য হলো অর্থ বাজারে ট্রেডিংয়ের সাথে সম্পর্কিত ঝুঁকি সম্পর্কে গ্রাহককে অবগত করা এবং এই ঝুঁকির কারণে সম্ভাব্য ক্ষতি সম্পর্কে গ্রাহককে সতর্ক করা। বর্তমান চুক্তির সম্ভাব্য সব ধরণের ঝুঁকি সম্পর্কে আলোকপাত করা সম্ভব নয়, কারণ তার পরিধি বিস্তৃত। এই বিজ্ঞপ্তিতে ব্যবহৃত নোশন এবং টার্মস এই চুক্তিরতে উল্লিখিত গ্রাহকের অর্ডার প্রোসেসিং এবং এক্সিকিউশন এর ব্যাখ্যার সাথে সম্পর্কিত।

**7.1.** লিভারেজ ইফেক্ট।

**7.1.1.** "মার্জিন ট্রেডিং" শর্তের ভিত্তিতে ট্রেড করার ক্ষেত্রে ইন্সট্রুমেন্ট এর মূল্যের কিছুটা পরিবর্তন হলেই লিভারেজ প্রভাবের কারণে গ্রাহকের ট্রেডিং ব্যালেন্সে ব্যাপক প্রভাব পড়তে পারে। যদি বাজার পরিস্থিতি গ্রাহকের পজিশনের অনুকূলে না থাকে, তাহলে গ্রাহক ক্ষতির সম্মুখীন হয়ে প্রাথমিক ডিপোজিটসহ পজিশন খোলা রাখার জন্য করা অন্যান্য ডিপোজিটও হারাতে পারেন। গ্রাহক স্বীকার করছে যে, সে তার অর্থ, নির্বাচিত ট্রেডিং কৌশল দিয়ে সব ধরণের ঝুঁকির গ্রহণের জন্য দায়বদ্ধ থাকবে।

**7.1.2.** মার্জিন লেভেল 1000% এর উপরে রাখা এবং সবসময় স্টপ লস অর্ডার নির্ধারণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

**7.2.** ইন্সট্রুমেন্ট এর উচ্চ ভোলাটিলিটি।

**7.2.1.** অনেক ধরণের ইন্সট্রুমেন্টে দৈনিক ভিত্তিতে উল্লেখযোগ্য পরিমাণ মূল্য পরিবর্তনের রেঞ্জ বা ব্যাপ্তি রয়েছে, ফলে ট্রেডে উচ্চ লাভ বা ক্ষতি হওয়ার সম্ভাবনা থাকে।

**7.3.** টেকনিক্যাল ঝুঁকি।

**7.3.1.** তথ্য, যোগাযোগ, ইলেক্ট্রনিক এবং অন্যান্য সিস্টেম ঠিকমত কাজ না করলে তার সাথে সম্পর্কিত আর্থিক ক্ষতির ঝুঁকি বা দায়বদ্ধতা গ্রাহক গ্রহণ করবে।

**7.3.2.** কাস্টমার টার্মিনালে ট্রেডিং কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে গ্রাহক নিম্নোক্ত কারণে আর্থক ক্ষতির দায়ভার গ্রহণ করবে:
ক) হার্ডওয়্যার এবং সফটওয়্যার ইকুইপমেন্ট এর সাথে সম্পর্কিত ত্রুটি, অথবা গ্রাহক প্রান্তে কানেকশনের দুর্বলতা;
খ) গ্রাহকের ইকুইপমেন্ট ঠিকমত কাজ না করলে;
গ) কাস্টমার টার্মিনাল এর ভুল সেটিংস;
ঘ) কাস্টমার টার্মিনালের পুরনো সংস্করণ ব্যবহার করা;
ঙ) গ্রাহক যদি "কাস্টমার টার্মিনাল ব্যবহার বিধি" এবং "এফএকিউ: সাধার জিজ্ঞাসা" অংশ না পড়ে থাকে বা না বুঝতে পারে।

**7.3.3.** গ্রাহক স্বীকার করছে যে, টেলিফোনে ট্রেডিং কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে ব্যস্ত সময়ে অপারেটর পাওয়া দুষ্কর হতে পারে। উক্ত পরিস্থিতি সাধারণত ফাস্ট মার্কেটের সময় হতে পারে (উদাহরণস্বরূপ, গুরুত্বপূর্ণ সংবাদ প্রকাশিত হওয়া)।

**7.4.** স্বাভাবিক বাজার পরিস্থিতি থেকে ভিন্ন।

**7.4.1.** গ্রাহক স্বীকার করছে যে, স্বাভাবিক বাজার পরিস্থিতি না থাকলে গ্রাহকের অর্ডার প্রসেস করতে বেশি সময় লাগতে পারে।

**7.5.** ট্রেডিং প্লাটফর্ম।

**7.5.1.** গ্রাহক স্বীকার করছে যে, সার্ভার শুধুমাত্র একটি অনুসন্ধান/অর্ডার প্রসেস করতে পারে। নতুন অর্ডার বা অনুসন্ধান করার সময় তা বাতিল হবে এবং অর্ডার উইন্ডোতে "ট্রেড ফ্লো ব্যস্ত" বার্তা প্রদর্শন করবে।

**7.5.2.** গ্রাহক স্বীকার করছে যে, স্ট্রিমিং কোটস এর একমাত্র নির্ভরযোগ্য উৎস হলো প্রকৃত গ্রাহকের সেবায় নিয়জিত প্রধান সার্ভার। কাস্টমার প্লাটফর্মের কোটস ডেটাবেইজ স্ট্রিমিং কোটস এর তথ্যের নির্ভরযোগ্য উৎস হিসাবে ধরা যাবে না, কারণ কাস্টমার প্লাটফর্ম এবং সার্ভারের মধ্যে স্থিতিশীল সংযোগ না থাকলে কোটস এর কোনো অংশ কাস্টমার প্লাটফর্মে প্রবেশ করতে ব্যর্থ হতে পারে।

**7.5.3.** গ্রাহক স্বীকার করছে যে, অর্ডার প্রদান/ পরিবর্তন/ বাতিল করার উইন্ডো বন্ধ করলে, অথবা পজিশন খোলা বা বন্ধ করার উইন্ডো বন্ধ করলে ডিলারের কাছে ইতোমধ্যে পাঠানো অনুসন্ধান বা অর্ডার বাতিল হয় না।

**7.5.4.** গ্রাহক যদি কোনো অর্ডার প্রদান করে ডিলারের কাছ থেকে সে অর্ডার সম্পাদনের ফলাফল গ্রহণের পূর্বে আবার অর্ডার করে তাহলে গ্রাহকের এইরূপ অপরিকল্পিত ট্রেডিং কার্যক্রমের জন্য গ্রাহক দ্বায়বদ্ধ থাকবে।

**7.5.5.** গ্রাহক স্বীকার করছে যে, পেন্ডিং অর্ডার লেভেল পরিবর্তন করা এবং অর্ডার সম্পাদনের সাথে সাথে যোগ করা স্টপ-লস এবং/অথবা টেক-প্রফিট একই সাথে পরিবর্তন করা হলে, স্টপ-লস এবং/অথবা টেক-প্রফিট শুধু উক্ত অর্ডারের খোলা পজিশনের ক্ষেত্রে পরিবর্তিত হবে।

**7.6.** যোগাযোগ।

**7.6.1.** গ্রাহক যদি সার্ভার বা ডিলারের বার্তা গ্রহণ করতে বিলম্ব করে বা গ্রহণ করতে ব্যর্থ হয়, তাহলে তার সাথে সম্পর্কিত আর্থিক ক্ষতির ঝুঁকি গ্রাহক গ্রহণ করবে।

**7.6.2.** গ্রাহক স্বীকার করছে যে, ইমেইলে প্রদান করা নন-কোডেড তথ্য অনুমোদনহীন এক্সেস থেকে নিরাপদ নয়।

**7.6.3.** গ্রাহক স্বীকার করছে যে, ডিলার বার্তা আপলোড করার পর ইন্টারনাল কাস্টমার প্লাটফর্ম মেইল এর মাধ্যমে গ্রাহক তিন দিনের মধ্যে বার্তা গ্রহণ না করলে ডিলার তা ডিলিট করতে পারবে।

**7.6.4.** ডিলারের কাছ থেকে প্রাপ্ত তথ্যের গোপনীয়তা রক্ষায় গ্রাহক সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে, এবং কাস্টমার ট্রেডিং অ্যাকাউন্টে তৃতীয় পক্ষের অনুমোদনহীন প্রবেশের ক্ষেত্রে আর্থিক ক্ষতির দায়ভার গ্রাহক গ্রহণ করবে

**7.7.** কোম্পানি এবং গ্রাহকের মধ্যকার সম্পর্কে তৃতীয় পক্ষের কার্যক্রমের ঝুঁকিসমূহ।

**7.7.1.** গ্রাহক পেমেন্ট সিস্টেমের অনুপস্থিতির সাথে সম্পর্কিত ঝুঁকিসমূহ গ্রহণ করবে। যদি কোনো ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেম বন্ধ হয়ে যায়, তাহলে কোম্পানি উক্ত পেমেন্ট সিস্টেম ব্যবহার করে গ্রাহক অ্যাকাউন্টে জমা করা তহবিল কেটে রাখবে।

**7.7.2.** ব্যাংক ওয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে গ্রাহক ভুল তথ্য প্রদান করলে গ্রাহক সে সম্পর্কিত ঝুঁকি গ্রহণ করবে। গ্রাহক স্বীকার করছে যে, এর ফলে রিফান্ড, অতিরিক্ত চার্জিং কমিশন, এবং রিফান্ড ও আবার ওয়্যার ট্রান্সফারের সাথে সম্পর্কিত অন্যান্য ঝুঁকি থাকতে পারে।

**7.7.3.** গ্রাহক স্বীকার করছে যে, গ্রাহকের পেমেন্ট সিস্টেমে অনুমোদনহীন অ্যাক্সেস এর সাথে ঝুঁকিসমূহ সে গ্রহণ করবে, এবং গ্রাহকের অসাবধনাতাবশতঃ তার ব্যাংক কার্ডের তথ্য অন্য কারো কাছে চলে গেলে এবং এর ফলে ক্ষতি হলে তার দ্বায়ভার গ্রাহক গ্রহণ করবে।

## 8. গ্রাহকের সাথে যোগাযোগ।

**8.1.** গ্রাহকের সাথে যোগাযোগের ক্ষেত্রে কোম্পানি যা ব্যবহার করতে পারে:
- ট্রেডিং প্লাটফর্মের ইন্টার্নাল মেইল;
- ইমেইল;
- ফ্যাক্স;
- টেলিফোন;
- পোস্টাল সার্ভিস;
- কোম্পানির অফিসিয়াল ওয়েবসাইটে "কোম্পানি সংবাদ" এর মাধ্যমে।

গ্রাহক নিবন্ধনের সময় যে তথ্য প্রদান করেছে কোম্পানি সে তথ্য ব্যবহার করবে। গ্রাহকের ব্যক্তিগত তথ্যের কোনো পরিবর্তন হলে গ্রাহক তা কোম্পানিকে জানাতে বাধ্য থাকবে।

**8.2.** বার্তা (ডকুমেন্ট, ঘোষণা, নোটিফিকেশন, নিশ্চয়তা, প্রতিবেদন ইত্যাদি) গ্রাহক গ্রহণ করেছে বলে ধরে নেওয়া হবে:
- ইমেইলে প্রেরণ করার এক ঘণ্টা পর;
- ট্রেডিং প্লাটফর্মের ইন্টারনাল মেইলে পাঠালে সাথে সাথে;
- ফ্যাক্স করে পাঠানোর সাথে সাথে;
- ফোন কল শেষ হওয়ার সাথে সাথে;
- পোস্টাল সার্ভিস এর মাধ্যমে পাঠানোর ৭ দিন পর;
- কোম্পানির অফিসিয়াল ওয়েবসাইটে "কোম্পানি সংবাদ" অংশে সংবাদ প্রকাশিত হওয়ার পর পর।

**8.3.** গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্টে গত ২৪ ঘণ্টায় ঘটে যাওয়া ঘটনাসমূহের উপর গ্রাহক প্রতিদিন একটি ইমেইল পাবে।

**8.4.** এই চুক্তি গ্রহণ করার মাধ্যমে গ্রাহক কোম্পানির কাছে থেকে তথ্য গ্রহণের জন্য তার সাথে যোগাযোগের তথ্য প্রদান করতে সম্মত থাকবে।

## 9. কর্তব্য এবং দায়বদ্ধতা।

**9.1.** সাধারণ বিধান।

**9.1.1.** গ্রাহক নিশ্চিত করছে যে:
- অ্যাকাউন্ট নিবন্ধন ফর্মে উল্লিখিত তথ্য সঠিক এবং তা অ্যাকাউন্ট মালিকের তথ্য;
-গ্রাহক নিজে ইউজারনেম এবং পাসওয়ার্ডের গোপনীয়তার জন্য দায়বদ্ধ;
- ইউজারনেম এবং পাসওয়ার্ড ব্যবহার সম্পর্কিত সম্পূর্ণ দায়ভার গ্রাহক গ্রহণ করবে;
- অর্থ বাজারে কার্যক্রমের সম্পূর্ণ দায়ভার গ্রাহক গ্রহণ করবে;
- গ্রাহক স্বীকার করছে যে প্রমাণ রাখার জন্য গ্রাহকের সাথে কথোপকথনের রেকর্ড কোম্পানি রাখতে পারবে।

**9.1.2.** কোম্পানি নিশ্চিত করছে যে, গ্রাহক নিবন্ধন ফর্মে যে তথ্য উল্লেখ করেছে তা গোপণ থাকবে। উক্ত তথ্য প্রকাশিত হলে বা শর্তভঙ্গ হলে তা এই চুক্তি অনুযায়ী সমাধান করা হবে।

**9.1.3.** গ্রাহক স্বীকার করছে যে, গ্রাহককে সেবার প্রদানের ক্ষেত্রে কোম্পানি বা তৃতীয় পক্ষ টেলিফোন সংযোগ বা ইন্টারনেট ঠিকমত কাজ না করা, অথবা গ্রাহককে সেবা প্রদানকারী কোম্পানি, ইনফরমেশন সার্ভিস প্রোভাইডার বা তৃতীয় পক্ষের নিয়ন্ত্রণে নেই এমন কোনো ঘটনা, নিয়মিত মেইনটেনেন্স বা আপডেট ইত্যাদির কারণে দায়বদ্ধ থাকবে না।

**9.1.4.** গ্রাহক স্বীকার করছে যে, কোম্পানি যদি সন্দেহ করে যে ট্রেডিং অ্যাকাউন্ট অর্থ পাচারের জন্য ব্যবহার হচ্ছে বা গ্রাহক ইচ্ছাকৃত ভুল তথ্য সরবরাহ করেছে, তবে কোম্পানি ট্রেডিং কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে। ট্রেডিং অ্যাকাউন্টে কার্যক্রম বাতিলের পর কোম্পানি অনুসন্ধান করবে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে অ্যাকাউন্ট নিবন্ধনের তথ্য, অর্থ জমার ইতিহাস, গ্রাহক সনাক্তকরণ ইত্যাদি। গ্রাহক স্বীকার করছে যে, কোম্পানি যদি সন্দেহ করে যে গ্রাহক বর্তমান চুক্তি ভেঙ্গে ট্রেড করেছে, তাহলে কোম্পানি অনুসন্ধান করতে পারবে।

**9.1.5.** গ্রাহক স্বীকার করছে যে, অর্থ-পাচার নীতি বাস্তবায়নের লক্ষ্যে কোম্পানি গ্রাহকের কাছে তার নামে খোলা ব্যাংক অ্যাকাউন্ট এর বিস্তারিত তথ্য জানতে চাইতে পারবে এবং অর্থ উত্তোলনের ক্ষেত্রে শুধু নির্ধারিত ব্যাংকের মাধ্যমে অর্থ উত্তোলনের সীমাবদ্ধতা আরোপ করতে পারবে। গ্রাহক যদি ব্যাংকের বিস্তারিত তথ্য জানাতে ব্যর্থ হয়, তাহলে অনুরোধকৃত তথ্য সরবরাহ না করা পর্যন্ত কোম্পানি ট্রেডিং অ্যাকাউন্টের সব কার্যক্রম স্থগিত করতে পারবে।

**9.1.6.** গ্রাহক স্বীকার করছে যে, কোম্পানি গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্টের যেকোনো লেনদেন সম্পর্কে যেকোনো সময় তথ্য জানতে চাইতে পারে। যদি গ্রাহক এই অনুরোধ বাতিল করে তাহলে কোম্পানি গ্রাহককে সেবা প্রদান করতে অস্বীকার করতে পারবে।

## 10. চুক্তি বাতিলকরণ।

**10.1.** সাধারণ বিধান।

**10.1.1.** গ্রাহক স্বাক্ষর করার পর থেকে এই চুক্তি কার্যকর হয়।

**10.1.2.** বর্তমান চুক্তি ভঙ্গ হবে যদি:

**10.1.2.1.** যেকোনো পক্ষ এই চুক্তি বাতিলের সিদ্ধান্ত নেয়:
- যদি গ্রাহক ট্রেডিং অ্যাকাউন্ট থেকে সব অর্থ উত্তলোন করে তাহলে এই চুক্তি অনুযায়ী সম্পর্ক ছিন্ন হবে;
- গ্রাহক যদি বর্তমান চুক্তিতে বর্ণিত শর্ত ভঙ্গ করে তাহলে কোম্পানি গ্রাহককে পূর্ব নোটিশ প্রদান এবং গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্ট ব্যালেন্স ফেরত প্রদানের মাধ্যমে কোম্পানি নিজ ইচ্ছায় এই চুক্তি বাতিল করতে পারবে।

**10.1.2.2.** বর্তমান চুক্তি অনুযায়ী কোম্পানি যদি কার্যক্রম বন্ধ করে:
- এক্ষেত্রে কোম্পানি এক মাস পূর্বে এরূপ চুক্তি বাতিলের নোটিশ প্রদান করবে;
- বন্ধ করার সময় কোম্পানি গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্টের ব্যালেন্স গ্রাহককে ফেরত প্রদান করবে।

**10.1.2.3.** গ্রাহকের মৃত্যু হলে:
- গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্ট থেকে পর্যায়ক্রমিক ভাবে নির্ধারিত নমিনি অর্থ উত্তোলন করতে পারবে, বা গ্রাহকের উইল/স্টেটমেন্ট অনুযায়ী নমিনি অর্থ উত্তোলন করতে পারবে;
- ট্রেডিং অ্যাকাউন্ট ব্যবহার করার অধিকার শুধু গ্রাহকের এবং ট্রেডিং অ্যাকাউন্টে নমিনি অর্থ বাজারে ট্রেডিং কার্যক্রম চালাতে পারবে না।

**10.1.3.** গ্রাহক স্বীকার করছে যে, কোম্পানি নিজ ইচ্ছায় গ্রাহককে কোম্পানির সেবা প্রদান সম্পূর্ণ বা আংশিক বাতিল করার অধিকার সংরক্ষণ করে, এক্ষেত্রে কোম্পানি গ্রাহকের সাথে যোগাযোগ করে এই বিষয়ে নোটিশ প্রদান করবে। যখন থেকে গ্রাহকের কাছে সেবা প্রদান বন্ধ হবে তখন থেকে বর্তমান চুক্তি বাতিল হয়েছে বলে ধরে নেওয়া হবে।

## 11. ভাষা।

**11.1.** বর্তমান চুক্তির ভাষা ইংরেজি।

**11.2.** গ্রাহকের সুবিধার জন্য কোম্পানি ইংরেজি ছাড়াও অন্য ভাষায় এই চুক্তির সংস্করণ সরবরাহ করতে পারে। চুক্তির অনুবাদকৃত সংস্করণ শুধু তথ্য প্রদানের জন্য।

**11.3.** যদি এই চুক্তির চলতি ইংরেজি সংস্করণের সাথে অনুবাদকৃত সংস্করণের পার্থক্য থাকে, তাহলে ইংরেজি সংস্করণ স্ট্যান্ডার্ড রেফারেন্স হিসাবে গণ্য হবে।

## 12. কোম্পানির সাথে যোগাযোগের তথ্য

30 ডি কাস্ট্রো স্ট্রিট
উইকহামস কে 1
রোড টাউন, টর্টোলা
ব্রিটিশ ভার্জিন দ্বীপপুঞ্জ